# পশ্চিমবঙ্গের রামকৃষ্ণ মিশন বিদ্যালয়গুলির টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন

# RKMHS

## MADHYAMIK e-TEST PAPERS

## 2026


Compiled and Edited by:

**Manasadwip Ramakrishna Mission High School (H.S.)**

Manasadwip, Sagar, South 24 Parganas,743373

# প্রস্তাবনা

স্বামীজির আদর্শ ও রামকৃষ্ণদেবের সার্বজনীন বাণীকে সামনে রেখে সমগ্র রামকৃষ্ণ মিশন বিদ্যালয়সমূহ দীর্ঘদিন ধরে শিক্ষাক্ষেত্রে এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করে চলেছে। এই আদর্শ-প্রণোদিত শিক্ষাপদ্ধতি শুধু বইমুখী জ্ঞান প্রদান করে না—শিক্ষার্থীদের চরিত্র, মানবিক মূল্যবোধ ও নৈতিক শক্তিকে সমান গুরুত্ব দিয়ে গড়ে তোলে।

এই মহান ঐতিহ্যের ধারাবাহিকতাকে আরও সুসংহত করার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত ও রামকৃষ্ণ মিশন পরিচালিত ১৪টি উচ্চ বিদ্যালয়সমূহ সম্মিলিতভাবে প্রথমবারের মতো এই গ্রন্থ সংকলনের উদ্যোগ নিয়েছে। মিশন-পরিবারের সকল বিদ্যালয়ের টেস্ট পরীক্ষার নির্বাচিত প্রশ্নপত্রসমূহ একত্রিত করে তৈরি হয়েছে এই সংকলন। এর মাধ্যমে শিক্ষার্থীরা পরীক্ষার প্রস্তুতিতে আরও সঠিক দিশা পাবে।

মনসাদ্বীপ রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে আন্তরিকভাবে শ্রদ্ধা ও ধন্যবাদ জানাই—সমস্ত রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহারাজ ও সহকারী শিক্ষকবৃন্দকে, যাঁদের সহযোগিতা, নির্দেশনা এবং আন্তরিকতা ছাড়া এ ধরনের কাজ সম্পূর্ণ করা সম্ভব হতো না। পরস্পরের অভিজ্ঞতা ও আলোচনার মাধ্যমে আমরা যে সম্মিলিত প্রয়াসকে সফল করতে পেরেছি, তা নিঃসন্দেহে আমাদের রামকৃষ্ণ মিশন শিক্ষাপরিবারের ঐক্য, সহযোগিতা ও সেবাভাবেরই প্রতিফলন।

আশা করি, এই সংকলন ভবিষ্যতেও প্রতি বছর নবউদ্যমে প্রকাশিত হবে এবং শিক্ষার্থীদের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

পরিশেষে, শ্রী শ্রী ঠাকুর রামকৃষ্ণদেব, শ্রী শ্রী মা সারদা দেবী ও যুগাবতার স্বামী বিবেকানন্দজীর অশেষ কৃপা সকল মাধ্যমিক পরীক্ষার্থীর উপর বর্ষিত হোক—এই প্রার্থনা করি।

প্রধান শিক্ষক

১১ই ডিসেম্বর,২০২৫

মনসাদ্বীপ রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

NIVEDITA BHAWAN, DJ-8, SECTOR – II, SALT LAKE, KOLKATA – 700 091

No. EMU/C/35 Date: 06.05.2025

# NOTIFICATION

It is notified for all concerned that the Madhyamik Pariksha (Secondary Examination), 2026 will be held as per the following programme.

The examination will be held in only one paper on each day from **10.45 a.m. to 2 p.m.** (First 15 minutes for reading the Question Papers only). The dates & corresponding subjects are as under:

## PROGRAMME

| DAY | DATE | SUBJECT |
|---|---|---|
| MONDAY | 2ND FEBRUARY, 2026 | FIRST LANGUAGES * |
| TUESDAY | 3RD FEBRUARY, 2026 | SECOND LANGUAGES ** |
| FRIDAY | 6TH FEBRUARY, 2026 | HISTORY |
| SATURDAY | 7TH FEBRUARY, 2026 | GEOGRAPHY |
| MONDAY | 9TH FEBRUARY, 2026 | MATHEMATICS |
| TUESDAY | 10TH FEBRUARY, 2026 | PHYSICAL SCIENCE |
| WEDNESDAY | 11TH FEBRUARY, 2026 | LIFE SCIENCE |
| THURSDAY | 12TH FEBRUARY, 2026 | OPTIONAL ELECTIVE SUBJECTS |

- *Physical Education and Social Service → Will be announced later*
- *Work Education → Will be announced later*

***First Languages** : Bengali, English, Gujarati, Hindi, Modern Tibetan, Nepali, Odia, Gurumukhi (Punjabi), Telugu, Tamil, Urdu and Santali.*

*** **Second languages**: 1) English, if any language other than English is offered as First Language.*
*2) Bengali or Nepali, if English is the First Language.*

*(a) Examination in Sewing and Needle Work will be of four hours fifteen minutes duration.*

*(b) Examination in Music Vocal & Music Instrumental will be of two hours fifteen minutes duration for Theoretical Portion. The venue, date and hour of the Practical Examination in these subjects (which will be held at Kolkata only) will be announced later.*

*(c) Examination on Computer Application will be of two hours forty five minutes duration on theoretical Examination. Practical Examination on this subject will be taken by individual schools.*

*(d) Examination on Vocational Subjects will be of one hour forty five minutes duration on theoretical Examination. Practical Examination on these subjects will be taken by the Sector Skill Council or individual schools.*

*The Board reserves the right to change the above scheduled date/time in case of need, with due intimation to all concerned.*

*SECRETARY*

| RKMHS MADHYAMIK e-TEST PAPERS 2026 | |
|---|---|
| School wise Question Papers | |
| Sl. No | School Name |
| 1 | Asansol Ramakrishna Mission High School(H.S.) |
| 2 | Baranagore Ramakrishna Mission Ashrama High School |
| 3 | Kamarpukur Ramakrishna Mission Multipurpose School |
| 4 | Manasadwip Ramakrishna Mission High School(H.S.) |
| 5 | Ramakrishna Mission Boys' Home High School(H.S.), Rahara |
| 6 | Ramakrishna Mission Sarada Vidyapith, Jayrambati |
| 7 | Ramakrishna Mission Vidyabhavan(H.S.), Midnapore |
| 8 | Ramakrishna Mission Vidyalaya, Narendrapur |
| 9 | Ramakrishna Mission Vidyapith, Purulia |
| 10 | Ramakrishna Mission Vivekananda Vidyamandir, Malda |
| 11 | Ramharipur Ramakrishna Mission High School |
| 12 | Sargachi Ramakrishna Mission High School |
| 13 | Sarisha R.K. Mission Sikshamandir(H.S.) |
| 14 | Taki Ramakrishna Mission High School |

** English question of Ramakrishna Mission Vidyapith, Purulia is not available

# পশ্চিমবঙ্গের রামকৃষ্ণ মিশন বিদ্যালয়গুলির টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রের সংকলন

# RKMHS MADHYAMIK e-TEST PAPERS 2026

বিষয়

## বাংলা

Compiled & Edited by:

**Manasadwip Ramakrishna Mission High School(H.S.)**

Manasadwip, Sagar, South 24 Pgs, 743373, W.B.

ARKMHS(HS)

# TEST - 1 EXAMINATION, 2025

Class - X

Subject : Bengali

F.M. - 90 Time : 2.30 Hrs.

---

১) সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১ x ১৭ = ১৭

১.১ 'আয়, আমি তোর সঙ্গে লড়ব' - বক্তা কে?
(ক) অমৃত, (খ) ইসাব, (গ) কালিয়া, (ঘ) পাড়ার ছেলেরা।

১.২ রামদাসের প্রশস্ত ললাটের উপরে কীসের ছায়া পড়েছে ?
(ক) অদৃশ্য গাছের ছায়া, (খ) অদৃশ্য দুঃখের ছায়া, (গ) অদৃশ্য মেঘের ছায়া, (ঘ) অদৃশ্য-বইয়ের ছায়া।

১.৩ 'আশ্চর্য হয়েছি, একটু ভয়ও পেয়েছি' - হরিদা সেদিন কী সেজেছিলেন?
(ক) পুলিশ, (খ) বিরাগী, (গ) কাপালিক, (ঘ) পাগল।

১.৪ 'অভিষেক' কাব্যাংশে 'রত্নাকর রত্নোত্তমা' কাকে বলা হয়েছে?
(ক) সরমাকে, (খ) সীতাকে, (গ) প্রমীলাকে, (ঘ) লক্ষ্মীকে।

১.৫ 'হয়তো গেছে মরে' কার কথা বলা হয়েছে?
(ক) পৃথিবীর, (খ) ইতিহাসের, (গ) মানুষের, (ঘ) শিশুদের।

১.৬ 'অসুখী একজন' কবিতাটি যে মূল কবিতার অনুবাদ -
(ক) The unhappy one, (খ) Exfravagaria, (গ) Exfravaganza, (ঘ) La Desdichada.

১.৭ 'International' শব্দটির পরিভাষা আলোচ্য প্রবন্ধে যা দেওয়া আছে -
(ক) সর্বজনীন, (খ) সার্বজাতিক, (গ) আন্তর্জাতিক, (ঘ) আন্তঃদেশীয়।

১.৮ 'হয়তো ফিনিসীয় আমি' - তাহলে কলম কী দিয়ে তৈরী হত?
(ক) ব্রোঞ্জের শলাকা, (খ) তুলি, (গ) হাড়, (ঘ) নল-খাগড়া।

১.৯ কোথায় পপুলার সায়েন্স লেখা সুসাধ্য?
(ক) ইতালি-ইউরোপ, (খ) ইংল্যান্ড-আমেরিকায়, (গ) ইউরোপ

আমেরিকায়, (ঘ) ভারত-চিনে।

১.১০ 'খাঁচার পাখি' - কী জাতীয় সম্বন্ধ ?
(ক) জন্য-জনক সম্বন্ধ, (খ) উপাদান সম্বন্ধ, (গ) আধার আধেয় সম্বন্ধ, (ঘ) আধেয় আধার সম্বন্ধ।

১.১১ 'টাকাটা 'পথে' কুড়িয়ে পেলাম' - নিম্নরেখ পদটি -
(ক) করণ কারক, (খ) অধিকরণ কারক, (গ) আপাদান কারক, (ঘ) কর্ম কারক।

১.১২ 'তোমার নাকি মেয়ের বিয়ে?' - কোন শ্রেণির বাক্য?
(খ) প্রশ্নসূচক, (খ) আবেগসূচক, (গ) সন্দেহবাচক, (ঘ) নির্দেশক।

১.১৩ রূপের দিক দিয়ে বাক্য কয় প্রকার ?
(ক) ২ প্রকার, (খ) ৩ প্রকার, (গ) ৪ প্রকার, (ঘ) ৭ প্রকার।

১.১৪ 'বাঁশি বাজে' - এটি একটি -
(ক) ঘটক বা সম্পাদক কর্তৃবাচ্য, (খ) অসম্পাদক কর্তৃবাচ্য, (গ) লুপ্তকর্তা ভাববাচ্য, (ঘ) কোনোটিই নয়।

১.১৫ কর্তৃবাচ্যের ক্রিয়াটি অকর্মক হলে তাকে রূপান্তরিত করা হয় -
(ক) কর্তৃবাচ্যে, (খ) কর্মবাচ্যে, (গ) ভাববাচ্যে, (ঘ) কর্মকর্তৃবাচ্যে।

১.১৬ একটি বর্ণনামূলক সমাসের উদাহরণ হল -
(ক) তৎপুরুষ, (খ) কর্মধারয়, (গ) অব্যয়ীভাব, (ঘ) বহুব্রীহি।

১.১৭ 'ছায়াতরু' - যে সমাসের উদাহরণ -
(ক) কর্মধারয়, (খ) তৎপুরুষ, (গ) অব্যয়ীভাব, (ঘ) দ্বিগু।

২) কমবেশি ২০টি শব্দের মধ্যে উত্তর লেখো : ১ x ১৯ = ১৯

২.১ নীচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৪ = ৪

২.১.১ 'শুধু এইটাই জানা ছিল না' - অজানা বিষয়টি কী?

২.১.২ 'বড়ো চমৎকার আজকে এই সন্ধ্যার চেহারা' - সন্ধ্যাটি কেমন?



২.১.৩ 'উনি আসল ঘটনাটি জানেন' - কে, কোন ঘটনাটি জানেন?

২.১.৪ 'ইত্যবসরে এই ব্যাপার' - কোন ব্যাপারের কথা বলা হয়েছে?

২.১.৫ 'নদের চাঁদের ভারী আমোদ বোধ হইতে লাগিল' - কখন আমোদবোধ হয়েছিল?

২.২ নীচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৪ = ৪

২.২.১ 'গিরিশৃঙ্গ কিম্বা তরু যথা / ব্রজাঘাতে!' - এই উপমাটি কোন প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে?

২.২.২ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটির উৎসগ্রন্থের নাম লেখ।

২.২.৩ 'জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন' - কে আসে?

২.২.৪ 'সখী সবে আজ্ঞা দিল' - বক্তা তার সখীদের কী আজ্ঞা দিয়েছিলেন?

২.২.৫ 'অসুখী একজন' কবিতাটি বাংলায় কে তরজমা করেছেন?

২.৩ নীচের যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৩ = ৩

২.৩.১ পরিভাষার উদ্দেশ্য কী?

২.৩.২ 'সে কলমের সোনার অঙ্গ, হিরের হৃদয়' - কোন কলমের কথা বলা হয়েছে?

২.৩.৩ 'বাংলায় একটা কথা চালু ছিল' - কথাটি কী?

২.৩.৪ 'এই রকম ভুল লেখা সাধারণ পাঠকের পক্ষে অনিষ্টকর' - কোন ভুলের কথা বলা হয়েছে?

২.৪ নীচের যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৮ = ৮

২.৪.১ নির্দেশক কাকে বলে?

২.৪.২ 'রামকৃষ্ণ টাকাকে মাটি ভাবতেন' - নিম্নরেখ পদটি কী জাতীয় কর্মের উদাহরণ ?

২.৪.৩ একটি অবস্থানবাচক অপাদানের উদাহরণ দাও।

২.৪.৪ একটি অ-স্বপদবিগ্রহ নিত্য সমাসের উদাহরণ দাও।

২.৪.৫ 'দেবতা বাঁধা যজ্ঞযূপে পাষাণ স্তূপে' - নিম্নরেখ পদটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

২.৪.৬ আসক্তিহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.৭ 'সন্ধ্যায় পাখিরা বাসায় ফেরে' - জটিল বাক্যে পরিবর্তন করো।

২.৪.৮ 'তিনি নাকি বই লেখেন' - ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.৯ কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.১০ অনুজ্ঞাসূচক বাক্য কাকে বলে?

**৩) প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ৩ + ৩ = ৬**

**৩.১ নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩ x ১ = ৩**

৩.১.১ 'তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না' - বক্তা কে? তার কোন লাঞ্ছনার কথা বলা হয়েছে? ১ + ২

৩.১.২ 'ক্রমশ ও কথাটা ছড়িয়ে পড়ে' - কোন কথাটি কেন ছড়িয়ে পড়েছিল?

**৩.২ নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩ x ১ = ৩**

৩.২.১ 'বজ্রশিখার মশাল জ্বেলে আসছে ভয়ংকর' - ভয়ঙ্কর কে? তার আগমনের কারণ কী? ১ + ২

৩.২.২ 'আমাদের ইতিহাস নেই' - এই উক্তিটির অন্তর্নিহিত অর্থ বুঝিয়ে দাও।

**৪) কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ x ১ = ৫**

৪.১ 'নদীর বিদ্রোহ' গল্প অবলম্বনে নদীর প্রতি নদের চাঁদের অকৃত্রিম ভালোবাসার পরিচয় দাও।



৪.২ 'অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না' - হরিদা কী ভুল করেছিলেন? অদৃষ্ট ক্ষমা না করার পরিণাম কী? ৩ + ২

**৫) কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ x ১ = ৫**

৫.১ 'পঙ্ককন্যা পাইলা চেতন' - পঙ্ককন্যা কারা? তারা কী ভাবে চেতনা ফিরে পেয়েছিল?

৫.২ 'হা দিক মোরে' - বক্তার নিজেকে ধিক্কার জানানোর কারণ কী? এই উক্তির আলোকে বক্তার চরিত্রের কোন দিক কবিতাটিতে প্রকাশ পেয়েছে, লেখো।

**৬) কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ x ১ = ৫**

৬.১ 'আমার মনে পড়ে প্রথম ফাউন্টেন কেনার কথা' - কোন সময় লেখক ফাউন্টেন পেনটি কিনেছিলেন? ফাউন্টেন পেন কেনার অভিজ্ঞতাটি কেমন ছিল? ১ + ৪

৬.২ 'আলঙ্কারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন' - এই ত্রিবিধ ধারা সম্পর্কে আলোচনা করো।

**৭) কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ১ = ৪**

৭.১ 'তোমাদের কাছে আমি লজ্জিত' - বক্তা কে? বক্তা কেন লজ্জিত তা বুঝিয়ে দাও। ১ + ৩

৭.২ 'সিরাজদ্দৌল্লা' নাট্যাংশে সিরাজদ্দৌল্লার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো।

**৮) কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ x ২ = ১০**

৮.১ 'জোচ্চুরি করে আমাকে বসিয়ে রেখে এখন ঠেকায় পড়ে এসেছে আমার কাছে' - কোনির এই অভিমানের কারণ কী? এর পরবর্তী ঘটনা সংক্ষেপে বর্ণনা করো। ২ + ৩

৮.২ হঠাৎ কোনির দু'চোখ জলে ভরে এলো' - কোনির দু'চোখ জলে ভরে এলো কেন? এরপর কী হয়েছিল? ২ + ৩

৮.৩ 'কম্পিটিশনে পড়লে মেয়েটা তো আমার পা ধোয়া জল খাবে' - বক্তা কে? কী প্রসঙ্গে তার এই উক্তি? এই উক্তিতে বক্তার কীরূপ মনোভাব ফুটে উঠেছে? ১ + ১ + ৩

৯) **চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ** ৪

A real friend is he who remains true to us long as he lives. He will share our sorrows as well as our joys. He will stand by us in our hard time and is always ready to help us. He will risk everything, even life for the sake of his friends.

১০) **কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ**

৫ x ১ = ৫

১০.১ মোবাইল ফোন ব্যবহারের সুফল ও কুফল বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য উর্দ্ধমুখী' - এ বিষয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

১১) **যে কোন একটি বিষয় অবলম্বনে রচনা লেখো (কম বেশি ৪০০ শব্দে) ঃ**

১০ x ১ = ১০

১১.১ শিষ্টাচার ও ছাত্রসমাজ।

১১.২ বিশ্ব-উষ্ণায়ন

১১.৩ তোমার প্রিয় ঋতু

১১.৪ বিজ্ঞান ও কুসংস্কার।

# BARANAGORE RAMAKRISHNA MISSION ASHRAMA HIGH SCHOOL (H.S.)

**Test Examination - 2025**

CLASS - X

Subject - BENGALI

Time - 3 hours  Full Marks - 90

১। সঠিক উত্তর নির্বাচন করো:-  ১x১৭=১৭

১.১ 'আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম।' – উক্তিটির বক্তা – (ক) তপনের ছোটো মাসি (খ) তপনের বন্ধুরা (গ) তপনের মেজো কাকু (ঘ) তপনের বাবা।

১.২ অমৃত ও ইসাব ভয়ে কাঠ হয়ে গিয়েছিল, কারণ – (ক) ইসাবের রেজাল্ট খারাপ হয়েছিল (খ) কালিয়া ইসাবকে কুস্তি লড়তে বলেছিল (গ) অমৃতের জামা অনেকটা ছিঁড়ে গিয়েছিল (ঘ) ইসাবের জামা অনেকটা ছিঁড়ে গিয়েছিল।

১.৩ 'বুড়ো মানুষের কথাটা শুনো।' এখানে 'বুড়ো মানুষ' হলেন – (ক) তেওয়ারি (খ) জগদীশ বাবু (গ) অপূর্ব (ঘ) নিমাইবাবু।

১.৪ শিশুদের শব ছড়ানো আছে – (ক) পথেঘাটে (খ) রাজপথে (গ) নদীতীরে (ঘ) কাছে দূরে।

১.৫ 'শ্রীযুত মাগন গুণী' – মাগন কে ছিলেন? – (ক) পদ্মার পিতা (খ) রোসাঙ্গ রাজ নরপদিগিার বিশ্বস্ত মন্ত্রী (গ) ইন্দ্র (ঘ) সমুদ্র।

১.৬ 'শিশু চাঁদের কর' – কোথায় দেখা যায়? – (ক) দিগম্বরের হৃদয়ে (খ) দিগম্বরের কপালে (গ) দিগম্বরের জটায় (ঘ) দিগম্বরের বাহুতে।

১.৭ যারা ওস্তাদ কলমবাজ তাদের বলে – (ক) ক্যালিগ্রাফিস্ট (খ) লিপিকর (গ) শ্রুতি লেখক (ঘ) গদ্য লেখক।

১.৮ বঙ্গীয় সাহিত্য পরিষদের পরিভাষা রচনায় যে সমস্যা দেখা গিয়েছিল তা হল – (ক) সংকলিত পরিভাষার অর্থ ঠিক হয়নি (খ) সংকলিত পরিভাষার সাম্য হয়নি (গ) সংকলিত পরিভাষা ছিল বেশ জটিল (ঘ) সংকলিত পরিভাষা সংখ্যায় যথেষ্ট ছিল না।

P.T.O.

১.৯ পাশ্চাত্য দেশের তুলনায় এদেশের জনসাধারণের বৈজ্ঞানিক জ্ঞান – (ক) বেশি (খ) নগন্য (গ) সমান (ঘ) খুব বেশি।

১.১০ বাংলায় কোন্ বিভক্তি দুটির প্রসারিত রূপ নেই? – (ক) এ ও কে (খ) রে ও কে (গ) কে ও শূন্য (ঘ) শূন্য ও র।

১.১১ পুলিশ এলে আমি এ স্থান ত্যাগ করব। – বাক্যটির নিম্নরেখ পদটি কী ধরনের কর্তা? – (ক) নিরপেক্ষ কর্তা (খ) সহযোগী কর্তা (গ) প্রযোজক কর্তা (ঘ) প্রযোজ্য কর্তা।

১.১২ দ্বন্দ্ব, তৎপুরুষ, বহুব্রীহি সমাসে যেখানে পূর্বপদের বিভক্তি লোপ পায় না সেখানেই সংশ্লিষ্ট সমাসটি হয় – (ক) অলোপ (খ) দ্বন্দ্ব (গ) অব্যয়ীভাব (ঘ) কোনোটিই নয়।

১.১৩ অন্য মনু = মন্বন্তর – এটি কোন্ সমাসের দৃষ্টান্ত? – (ক) অব্যয়ীভাব সমাস (খ) বাক্যাশ্রয়ী সমাস (গ) অলোপ সমাস (ঘ) নিত্য সমাস।

১.১৪ যে বাক্যে একটি ঘটনার উপর আর একটি ঘটনার নির্ভরশীলতা প্রকাশ পায়, তাকে বলা হয় – (ক) সন্দেহবাচক বাক্য (খ) বিস্ময়বোধক বাক্য (গ) নির্দেশক বাক্য (ঘ) কার্যকারণাত্মক বাক্য।

১.১৫ কোন্ বাক্যে একাধিক অসমাপিকা ক্রিয়া থাকলেও একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে? – (ক) যৌগিক বাক্যে (খ) জটিল বাক্যে (গ) সরল বাক্যে (ঘ) মিশ্রবাক্যে।

১.১৬ পৃথিবী হয়তো গেছে মরে। – বাচ্যটি হল – (ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৭ অচৈতন্য পড়িছে ভূমিতে। – রেখাঙ্কিত পদের কারকটি হল – (ক) অপাদান কারক (খ) কর্মকারক (গ) অধিকরণ কারক (ঘ) কর্তৃকারক।

২। **কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও:-** ১x৪=৪

২.১ **যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও:-**

২.১.১ তপনের লেখা গল্পের বিষয়বস্তু কী ছিল?

২.১.২ 'নদীর বিদ্রোহ' গল্পে কোন্ ট্রেনটি নদের চাঁদকে পিষে দিয়েছিল?



২.১.৩ বিরাগীর উদ্দেশ্যে জগদীশ বাবুর প্রাণের অনুরোধ কী ছিল?

২.১.৪ 'অদল বদল' গল্পে কোন্ গাছের নীচে গাঁয়ের ছেলেরা জড়ো হয়েছিল?

২.১.৫ 'এই অন্যায়ের প্রতিবাদ যখন করতে গেলাম' – কোন্ অন্যায়ের কথা বলা হয়েছে?

২.২ **যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৪=৪

২.২.১ 'তারা আর স্বপ্ন দেখতে পারল না।' – কারা স্বপ্ন দেখতে পারল না?

২.২.২ 'প্রলয়োল্লাস' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে?

২.২.৩ 'রক্ত মুছি শুধু গানের গায়ে' – কবি কেন এরূপ উক্তি করেছেন?

২.২.৪ 'সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।' – 'পুণ্যবাণী'টি কী?

২.২.৫ 'হাসিবেন মেঘ বাহন' – 'মেঘবাহন' কে?

২.৩ **যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৩=৩

২.৩.১ 'আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন' – শব্দের ত্রিবিধ কথা কী?

২.৩.২ Sensitized Paper-এর অনুবাদ কিছু ব্যক্তি কী লিখে থাকেন?

২.৩.৩ 'তোমার সোনার দোয়াত কলম হোক।' – এই আশীর্বাদ কখন করা হত?

২.৩.৪ 'নিবের কলমকে দেখা গেছে খুনির ভূমিকায়।' – কখন নিবের কলমকে খুনির ভূমিকায় দেখা গেছে?

২.৪ **যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৮=৮

২.৪.১ যন্ত্রাত্মক ও উপায়াত্মক করণের মধ্যে পার্থক্য লেখো।

২.৪.২ তারপর নামিল বৃষ্টি। রেখাঙ্কিত পদটির কারক নির্ণয় করো।

২.৪.৩ আমার ওপর মিথ্যে সন্দেহ রাখবেন না বাবুমশায়। – রেখাঙ্কিত পদটির সমাস নির্ণয় করো।

২.৪.৪ নির্দেশক ও বিভক্তির মধ্যে একটি পার্থক্য লেখো।

২.৪.৫ অব্যয়ীভাব সমাস কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.৬ আমাদের ইতিহাস নেই। – বাক্যটিকে প্রশ্নবাচক বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৭ বর্ম খুলে দ্যাখো আদুড় গায়ে। – বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৮ আপনি একটা মিনিট থাকুন বিরাগীজি। – ভাববাচ্যে রূপান্তরিত করো।

২.৪.৯ সিন্ধুতীরে দেখি দিব্যস্থান। – কর্মবাচ্যে রূপান্তরিত করো।

২.৪.১০ কর্তৃবাচ্য কাকে বলে?

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর লেখো:- ৩x২=৬

৩.১ যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ৩x১=৩

৩.১.১ 'ওরা ভয়ে কাঠ হয়ে গেল।' – 'ওরা' কারা? ওদের ভয়ে কাঠ হওয়ার কারণ কী? ১+২

৩.১.২ 'আজ তার মনে হইল কী প্রয়োজন ছিল ব্রিজের?' – এখানে কোন্ ব্রিজের কথা বলা হয়েছে? বক্তার এমন মনে হওয়ার কারণ কী? ১+২

৩.২ যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ৩x১=৩

৩.২.১ 'ছিনিয়ে নিয়ে গেল তোমাকে' – কে, কাকে কীভাবে ছিনিয়ে নিয়ে গেল? ১+২

৩.২.২ 'পঞ্চ কন্যা' পাইলা চেতন।' – 'পঞ্চকন্যা' কারা? তারা কীভাবে চেতনা পেয়েছিল? ১+২

৪। কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও:- ৫x১=৫

৪.১ 'বহুরূপী' গল্প অবলম্বনে হরিদার চরিত্র বিশ্লেষণ কর। ৫

৪.২ 'পোলিটিক্যাল সাসপেক্ট সব্যসাচী মল্লিককে নিমাইবাবুর সম্মুখে হাজির করা হইল।' – এরপর পুলিশ স্টেশনে কী পরিস্থিতি তৈরি হল তা পাঠ্যাংশ অনুসরণে আলোচনা কর। ৫

৫। কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও:- ৫x১=৫

৫.১ 'অভিষেক' কাব্যাংশ অবলম্বনে ইন্দ্রজিতের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা কর।

৫.২ 'রক্তের একটা কালো দাগ। / আর সেই মেয়েটি আমার অপেক্ষায়।' – কোথায়, কেন রক্তের দাগ দেখা যায়? মেয়েটি কার অপেক্ষায় কেন দাঁড়িয়ে থাকে? ২+৩

৬। কমবেশি ১৫০টি শব্দে একটি প্রশ্নের উত্তর দাও:- ৫x১=৫

৬.১ 'আমি ছিলাম কালি কলমের ভক্ত।' – বক্তা কে? প্রবন্ধ অনুসারে রকমারি কালি কলমের বিবরণ দাও। ১+৪



৬.২ বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার অসুবিধা ও তার থেকে উত্তরণের পন্থাগুলি আলোচনা কর। ৫

৭। কমবেশি ১২৫টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৪x১=৪

৭.১ 'এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ করো।' – 'তুমি'-র পরিচয় দাও। বক্তা কেন তাঁকে দরবার ত্যাগ করতে বললেন? ১+৩

৭.২ 'কে তাঁকে আশা দেবে? কে তাঁকে ভরসা দেবে' – কখন বক্তা এই উক্তি করেছেন? উক্তির আলোকে বক্তার চরিত্র আলোচনা কর। ১+৩

৮. কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:- ৫x২=১০

৮.১ 'ওইটেই তো আমি রে, যন্ত্রণাটাই তো আমি।' – বক্তা কে? যন্ত্রণাটা কেমন ছিল? ১+৪

৮.২ কোনির খোঁজ নিতে গিয়ে তার বাড়িঘর ও পরিবার সম্পর্কে ক্ষিতীশের যে অভিজ্ঞতা হয়েছিল তা নিজের ভাষায় লেখো। ৫

৮.৩ ক্ষিতীশ সিংহ চরিত্রটি বিশ্লেষণ করো। ৫

৯. চলিত গদ্যে বাংলায় অনুবাদ করো:- ৪x১=৪

Work is another name of life. Idle person have no place on the earth. So do not waste time. Wastage of time means wastage of life. Work and Work. If you want to be happy you are to do your duties regularly. Don't forget that work is religion.

১০. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫x১=৫

১০.১ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ভবিষ্যৎ তথা জীবনের লক্ষ্য সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ৫

১০.২ পূজার মরশুমে ভয়াবহ বন্যায় উত্তরবঙ্গের বিপর্যস্ত জনজীবন সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো। ৫

১১. কমবেশি ৪০০ শব্দে একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:- ১০

১১.১ একটি গাছ একটি প্রাণ ১১.২ বিজ্ঞানের ভালো-মন্দ

১১.৩ একটি খেয়াঘাটের আত্মকথা ১১.৪ ভারতের জাতীয় সংহতি।

***********

# Kamarpukur R.K. Mission M.P. School (H.S.)

## Test Examination – 2025

Class - X  Sub. - Bengali  Time - 3.15 Hrs.  F.M. - 100

★ অপরিচ্ছন্ন হাতের লেখা ও বানান ভুলের জন্য নম্বর কাটা যাবে।

১। সঠিক উত্তর নির্বাচন করো ঃ- ১×১৭=১৭

১.১. 'আশ্চর্য হয়েছি, একটু ভয়ও পেয়েছি'- হরিদার কোনরূপ দেখে বক্তার এমন দশা হয়?

ক) কাপালিক রূপ খ) বাইজির রূপ গ) বিরাগীর রূপ ঘ) পুলিশের রূপ দেখে।

১.২. 'অনেক ধরে ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন মাত্র একজন'- কার কথা বলা হয়েছে?

ক) সত্যজিৎ রায় খ) অন্নদাশঙ্কর রায় গ) সুকুমার রায় ঘ) সুভাষ মুখোপাধ্যায়।

১.৩. 'সিন্ধুতীরে রহিছে মাঞ্জস'- 'মাঞ্জস' হল -

ক) ভেলা খ) উদ্যান গ) পুকুর ঘ) সমুদ্র।

১.৪. Sensitized Paper - এর বাংলা অনুবাদ কী লিখলে ঠিক হবে বলে মনে করেন প্রাবন্ধিক -

ক) স্পর্শকাতর কাগজ খ) সুগ্রাহী কাগজ গ) সুবেদী কাগজ ঘ) ব্যথাপ্রবণ কাগজ।

১.৫. 'বুড়োমুখের কথাটা শুনো'- বুড়োমানুষটি কে?

ক) নিমাইবাবু খ) জগদীশবাবু গ) রামদাস ঘ) অপূর্ব।

১.৬. ছোটোমাসি তপনের চেয়ে কত বছরের বড়ো?

ক) আট বছরের খ) সাত বছরের গ) ছয় বছরের ঘ) বছর আষ্টেকের।

১.৭. 'এবার মহানিশার শেষে/আসবে উষা ________ হেসে'- শূন্যস্থান পূরণের জন্য সঠিক বিকল্পটি নির্বাচন করো।

ক) অরুণ খ) করুণ গ) বরুণ ঘ) কোনটিই নয়।

১.৮. 'উত্তরিলা বীরদর্পে অসুরারি রিপু'- কার কথা বলা হয়েছে?

ক) ইন্দ্র খ) মেঘনাদ গ) রাবণ ঘ) কর্বূরদল।

১.৯. 'পাঁচদিন নদীকে দেখা হয় নাই'- কোন বাচ্যের নিদর্শন?

ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১০. <u>তিনদিনে</u> বইটা পড়েছি - রেখাঙ্কিত পদটি হল -

ক) অধিকরণ কারক খ) অপাদান কারক গ) করণ কারক ঘ) কর্মকারক।



Scanned with OKEN Scanner

১.১১. কলিকাতা বিশ্ববিদ্যালয় কত খ্রিঃ পরিভাষা সমিতি নিযুক্ত করে?

ক) ১৯১৬ খ্রিঃ খ) ১৯৩৬ খ্রিঃ গ) ১৯৩৫ খ্রিঃ ঘ) ১৯১৪ খ্রিঃ।

১.১২. 'তোমার নাকি মেয়ের বিয়ে?'- অর্থগত দিক থেকে কোন শ্রেণির বাক্য?

ক) প্রশ্নসূচক খ) সন্দেহবাচক গ) অনুজ্ঞাবাচক ঘ) নির্দেশক।

১.১৩. 'ফুটিফাটা' সমাসবদ্ধ পদটি যে সমাসের উদাহরণ -

ক) তৎপুরুষ সমাস খ) উপমেয় সমাস গ) উপমান কর্মধারয় ঘ) রূপক কর্মধারয়।

১.১৪. তুমি এলে আমি যাবো - রেখাঙ্কিত পদটি হল -

ক) প্রযোজ্য কর্তা খ) প্রযোজক কর্তা গ) নিরপেক্ষ কর্তা ঘ) অনুক্ত কর্তা।

১.১৫. 'যদি জয়ী হই, তাহলে হয়তো আর যুদ্ধ হবে না'- গঠনগত দিক থেকে কোন শ্রেণির বাক্য?

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য।

১.১৬. 'জন্ম নিল ফাউন্টেন পেন'- কোন বাচ্যের উদাহরণ?

ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৭. 'মুখোমুখি' সমাস বদ্ধ পদটি যে সমাসের উদাহরণ -

ক) অলোপ বহুব্রীহি খ) ব্যতিহার বহুব্রীহি গ) ব্যধিকরণ বহুব্রীহি ঘ) সহার্থক বহুব্রীহি।

২। কমবেশি ২০টি শব্দের নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ- ১×১৯=১৯

২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×৪=৪

২.১.১. 'তফাত শুধু এই যে'- তফাতটি কী?

২.১.২. 'পৃথিবীতে এমন অলৌকিক ঘটনা ঘটে?'- ঘটনাটি কী?

২.১.৩. 'পরম সুখ কাকে বলে জানেন?'- বক্তা 'পরমসুখ' বলতে কী বুঝিয়েছেন?

২.১.৪. 'আরও বেশি অপরিচিত মনে হইল'- উদ্দিষ্টকে 'বেশি অপরিচিত' মনে হওয়ার কারণ কী?

২.১.৫. 'তার আমি জামিন হতে পারি'- কে, কীসের জামিন হতে পারে?

২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×৪=৪

২.২.১. 'রক্তের একটা কালো দাগ'- বলতে কী বোঝানো হয়েছে?

২.২.২. 'তোমায় নিয়ে বেড়াবে গান'- কোথায় বেড়াবে?

২.২.৩. 'ছড়ানো রয়েছে কাছে দূরে'- কী ছড়ানো রয়েছে?

২.২.৪. 'আসছে নবীন'- নবীন এসে কী করবে?

২.২.৫. 'হা ধিক্ মোরে'- বক্তা নিজেকে ধিক্কার দিচ্ছেন কেন?



Scanned with OKEN Scanner

২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×৩=৩

২.৩.১. 'একবার অন্তত নিবের কলমকে দেখা গেছে খুনির ভূমিকায়'- কখন দেখা গেছে?

২.৩.২. 'সমানি সম শীর্ষাণি ঘনানি বিরলানি চ'- পংক্তিটির বাংলা অর্থ লেখো।

২.৩.৩. 'এতে রচনা উৎকট হয়'- কখন হয়?

২.৩.৪. 'এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত'- কোন কথাটি?

২.৪. যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×৮=৮

২.৪.১. 'ছিল রুমাল হয়ে গেল বিড়াল'- এটি কি আদর্শ বাক্য? নাকি বাক্যনির্মাণের কোন শর্ত লঙ্ঘিত হয়েছে?

২.৪.২. 'মেবারের <u>পাহাড</u> লজ্জায় মুখ ঢেকেছে'- রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩. 'এ কার লেখা?'- কর্তৃবাচ্যে পরিণত করো।

২.৪.৪. মুখস্থ - পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখ।

২.৪.৫. <u>জানালায়</u> ভিড় জমেছে - রেখাঙ্কিত পদটি কোন শ্রেণির অধিকরণ?

২.৪.৬. বাক্যাশ্রয়ী সমাস কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.৭. 'তথা কন্যা থাকে সর্বজন'- ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.৮. অশ্রুতপূর্ব - ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৯. সম্বন্ধপদ কারক নয় কেন?

২.৪.১০. 'তোরা সব জয়ধ্বনি কর'- কোন বাচ্যের নিদর্শন?

৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ- ৩+৩=৬

৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩×১=৩

৩.১.১. 'যে ভয়ংকর আহ্লাদটা হবার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না'- 'আহ্লাদ' হওয়ার কথা ছিল কেন? 'আহ্লাদ' না খুঁজে পাওয়ার কারণ কী? (১+২)

৩.১.২. 'নদীকে এভাবে ভালোবাসিবার একটা কৈফিয়ত নদের চাঁদ দিতে পারে'- পাঠ্য অবলম্বনে 'কৈফিয়ত'-এর পরিচয় দাও।

৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৩×১=৩

৩.২.১. 'বিস্মিত হইল বালা'- বালাটি কে? তার বিস্ময়ের কারণ কী? (১+২)

৩.২.২. 'গানের বর্ম আজ পরেছি গায়ে'- মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।



Scanned with OKEN Scanner

৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×১=৫

৪.১. 'খাঁটি মানুষ তো নয়, এই বহুরূপীর জীবন এর বেশি কী আশা করতে পারে?'- উদ্দিষ্ট ব্যক্তি কে? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। (১+৪)

৪.২. 'পৃথিবীর যে-কোন দেশে, যে-কোনো যুগে যে-কেউ জন্মভূমিকে তার স্বাধীন করবার চেষ্টা করেছে, তাকে আপনার নয় বলবার সাধ্য আর যার থাক আমার নেই'- বক্তা কে? উদ্ধৃতিটির প্রেক্ষিতে বক্তার মানসিকতা বিচার করো। (১+৪)

৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×১=৫

৫.১. 'বজ্রশিখার মশাল জ্বেলে আসছে ভয়ংকর'- 'ভয়ংকর' কে? সে কীভাবে আসছে? তাকে 'ভয়ংকর' বলার কারণ কী? (১+২+২)

৫.২. 'আর সেই মেয়েটি আমার অপেক্ষায়'- অপেক্ষারতা সে মেয়েটির মধ্য দিয়ে কবি স্বদেশপ্রেম তথা মানবপ্রেমের যে শাশ্বতরূপ তুলে ধরেছেন, তা আলোচনা করো।

৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×১=৫

৬.১. 'সবমিলিয়ে লেখালেখি রীতিমতো ছোটোখাটো একটা অনুষ্ঠান'- লেখালেখিকে অনুষ্ঠানের সঙ্গে তুলনা করার কারণ আলোচনা করো।

৬.২. 'বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এখনও নানারকম বাধা আছে'- প্রাবন্ধিক কোন্ ধরনের বাধার কথা বলেছেন?

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪×১=৪

৭.১. 'এইবার হয়ত শেষ যুদ্ধ'- উদ্দিষ্ট ব্যক্তি কে? 'শেষ যুদ্ধ' বলার কারণ কী? (১+৩)

৭.২. 'ওখানে কী দেখচ মূর্খ, বিবেকের দিকে চেয়ে দ্যাখো'- বক্তা কে? উদ্ধৃতিটির প্রেক্ষিতে বক্তার মানসিকতা বিচার করো। (১+৩)

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×২=১০

৮.১. 'জোচ্চুরি করে আমাকে বসিয়ে রেখে এখন ঠেকায় পড়ে এসেছ আমার কাছে'- কোনিএই অভিমানের কারণ কী? এর পরবর্তী ঘটনা সংক্ষেপে লেখো। (২+৩)

৮.২. 'তোর আসল লজ্জা জলে, আসল গর্বও জলে'- কোন প্রসঙ্গে বক্ত এমন মন্তব্য করেছেন? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। (২+৩)



Scanned with OKEN Scanner

৮.৩. 'কোনি' উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনীরূপে লীলাবতী চরিত্রটির সার্থকতা আলোচনা করো।

৯। চলিত বাংলায় অনুবাদ করো ঃ- ৪×১=৪

The teachers are regarded as the backbone of the society. They biuld the future citizens of country. They love students as their children. The teachers always encourage and inspire us to be good and great in life.

১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×১=৫

১০.১. অনলাইন শিক্ষাব্যবস্থার ভালো-মন্দ নিয়ে দুই বন্ধুর একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২. বহুতল নির্মাণের জন্য বৃক্ষচ্ছেদনের প্রতিবাদে তোমার এলাকায় হল প্রতিবাদী মিছিল - এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ-

১০×১=১০

১১.১. মানবকল্যাণে বিজ্ঞান।

১১.২. বইপড়া।

১১.৩. বাংলার ঋতুবৈচিত্র্য।

১১.৪. কৃত্রিম মেধা ও ভারত।

১২। নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- ১×১০=১০

১২.১. 'সে ভয়ানক দুর্লভ জিনিস'- জিনিসটি কী?

১২.২. 'এসো, আমরা কুস্তি লড়ি'- কে, কাকে বলেছে?

১২.৩. 'সূচিপত্রেও নাম রয়েছে'- কী নাম ছিল?

১২.৪. 'বেথানিত হৈছে কেশ বেশ'- 'বেথানিত' শব্দের অর্থ লেখো।

১২.৫. 'লাঠি তোমার দিন ফুরাইয়াছে'- কার মন্তব্য?

১২.৬. 'এই উক্তি কাব্যেরই উপযুক্ত, ভূগোলের নয়'- কার, কোন উক্তির কথা বলা হয়েছে?

১২.৭. নিত্য সমাস কাকে বলে? উদাহরণ দাও।

১২.৮. 'অসুখী একজন' কবিতার বাংলা অনুবাদটি কোন মূলগ্রন্থে সংকলিত হয়েছে?

১২.৯. 'চিঠি পকেটেই ছিল'- কোন চিঠির কথা বলা হয়েছে?

১২.১০. তির্যক বিভক্তি কাকে বলে? উদাহরণ দাও।



Scanned with OKEN Scanner

# Manasadwip Ramakrishna Mission High School (H.S.)

**Test Examination - 2025**

CLASS - X

Subject - BENGALI

Time - 3 hours Full Marks - 90

**১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:-** ১৭x১=১৭

১.১ "তা ওরকম একটি লেখক মেসো থাকা মন্দ নয়।" – কথাটা বলেছিলেন, তপনের– (ক) বাবা (খ) মেজো কাকু (গ) ছোট মামা (ঘ) ছোট মাসি।

১.২ "এখানে থাকা আমার পক্ষে সম্ভব নয়।" – বক্তা হলেন – (ক) গিরীশ মহাপাত্র (খ) অপূর্ব (গ) বিরাগী (ঘ) ছোটমেসো।

১.৩ "তাছাড়া এত বড় বন্ধু" – এখানে বন্ধুটি হলেন – (ক) তলোয়ার কর (খ) নিমাই বাবু (গ) গিরীশ মহাপাত্র (ঘ) খ্রিস্টান মেয়েটি।

১.৪ 'শিঞ্জিনি' শব্দের অর্থ – (ক) ধনুক (খ) ধনুকের ছিলা (গ) পীর (ঘ) গদা।

১.৫ 'প্রলয়োল্লাস' কবিতায় ঝড় তুফানে কী রণিয়ে ওঠে? – (ক) হ্রেষার ডাক (খ) বজ্রগান (গ) হ্রেষার কাঁদন (ঘ) জয়ধ্বনি।

১.৬ পদ্মাবতীর পিতার নাম ছিল – (ক) রত্নসেন (খ) গন্ধর্বদাস (গ) গন্ধর্ব চক্রবর্তী (ঘ) গন্ধর্ব সেন।

১.৭ "হিমালয় যেন পৃথিবীর মানদন্ড" – কালিদাসের এই উক্তি – (ক) ভূগোলের (খ) কাব্যের (গ) বিজ্ঞানের (ঘ) দর্শনের পক্ষেই উপযুক্ত।

১.৮ গত ক-বছর ধরে টাইপ রাইটার ধরেছেন – (ক) অন্নদাশঙ্কর রায় (খ) সত্যজিৎ রায় (গ) সুভাষ মুখোপাধ্যায় (ঘ) শ্রীপান্থ।

১.৯ Sensitize Paper এর সঠিক অনুবাদ হলো – (ক) স্পর্শকাতর কাগজ (খ) অভিমানী কাগজ (গ) উত্তেজক কাগজ (ঘ) সুগ্রাহী কাগজ।

১.১০ বন্ধু তোমার সুখে আমি সুখী। – এই বাক্যের করণটি হল – (ক) কালাত্মক করণ (খ) হেতুময়করণ (গ) উপায়াত্মক করণ (ঘ) যন্ত্রাত্মককরণ।

১.১১ সাবলীল-সমাসটি গড়ে উঠেছে – (ক) সহার্থক অর্থে (খ) ব্যতিহার অর্থে (গ) ব্যধিকরণ অর্থে (ঘ) সমানাধিকরণ অর্থে।

১.১২ আমাদের জাতীয় পশু সিংহ – রেখাঙ্কিত অংশটি হলো – (ক) উদ্দেশ্য (খ) উদ্দেশ্য প্রসারক (গ) বিধেয় (ঘ) বিধেয় প্রসারক।

১.১৩ বাংলায় গৌণ কারক হলো – (ক) কর্তৃকারক (খ) কর্মকারক (গ) অপাদান কারক (ঘ) অধিকরণ কারক।





১.১৪ সকাল থেকে আজ বাস চলছে। – এটি একটি – (ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্ম-কর্তৃবাচ্য।

১.১৫ নিচের কোনটি অনুসর্গ প্রধান কারক নয়? – (ক) করণ কারক (খ) নিমিত্ত কারক (গ) অপাদান কারক (ঘ) কর্মকারক।

১.১৬ ক্রিয়ার ভাব প্রাধান্য পায় কোন বাচ্যে? – (ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য (গ) ভাববাচ্য (ঘ) কর্ম-কর্তৃবাচ্য।

১.১৭ কালিয়া জিতেছে, অমৃত হেরে গেছে। – এটি কোন শ্রেণির বাক্য? – (ক) সরল (খ) যৌগিক (গ) জটিল (ঘ) মিশ্র।

**২. কমবেশি কুড়িটি শব্দে উত্তর দাও:-** ১৯x১=১৯

**২.১ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-** ৪x১=৪

২.১.১ ফতোয়া জারি করে দিল। – কী ফতোয়া জারি করল?

২.১.২ "আর খেয়ো না" – কী না খাওয়ার কথা বলা হয়েছে?

২.১.৩ পুরো দিনটা রূপ ধরে ঘুরে বেরিয়ে হরিদার কত টাকা রোজগার হয়?

২.১.৪ "সেটা জানতে তো বাকি নেই" – কী জানতে বাকি নেই?

২.১.৫ "সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল।" – কেন কেঁদে ফেলেছিল?

**২.২ যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও:-** ৪x১=৪

২.২.১ রাস্তায় কখন ঘাস জন্মেছিল?

২.২.২ "প্রণামিয়া ধাত্রীর চরণে" – ধাত্রীর প্রকৃত পরিচয় কী?

২.২.৩ 'প্রলয়োল্লাস' কবিতাটি প্রথম কোথায় প্রকাশিত হয়?

২.২.৪ 'কৃপা কর নিরঞ্জন' – কী কৃপা করার কথা বলা হয়েছে?

২.২.৫ "পায়ে পায়ে হিমানির বাঁধ" – 'হিমানির বাঁধ' বলতে কবি কী বুঝিয়েছেন?

**২.৩ যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও:-** ৩x১=৩

২.৩.১ "এতে রচনা উৎকট হয়" – কী করলে রচনা উৎকট হয়?

২.৩.২ "প্রাচীনেরা বলতেন" – কী বলতেন?

২.৩.৩ অভিধা কী?

২.৩.৪ শেষ পর্যন্ত নিবের কলমের মান কে বাঁচিয়েছেন?

**২.৪ যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও:-** ৮x১=৮

২.৪.১ অলোপ সমাস কাকে বলে?

২.৪.২ চিহ্নিত পদটির কারক বিভক্তি অনুসর্গ নির্ণয় করো। ছাত্রটি পথ দিয়ে বাড়ি যাচ্ছে।

২.৪.৩ অপূর্ব নিমাই বাবুকে চিনিতেন। (না-বাচক বাক্য)

২.৪.৪ বাক্যাশ্রয়ী সমাস কাকে বলে?

২.৪.৫ কে একথা বলেছে? (কর্মবাচ্য)

২.৪.৬ 'জীবনানন্দ' – ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখো।

২.৪.৭ ব্যতিহার কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৮ কর্ম প্রবচনীয় কাকে বলে?

২.৪.৯ কোন সমাসে পূর্বপদের অর্থ প্রাধান্য পায়?

২.৪.১০ তপন খাতা নিয়ে ছাদে বসে গল্প লিখছে। (যৌগিক বাক্য)

**৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ষাটটি শব্দে উত্তর দাও:-**

**৩.১ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৩=৩

৩.১.১ ''বাবা-মাকে খুব জ্বালিয়েছিল" – কে জ্বালিয়েছিল? কীভাবে জ্বালিয়েছিল? ১+২

৩.১.২ ''সেটাই হরিদার জীবনের পেশা" – হরিদার জীবনের পেশাটি কী?

**৩.২ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৩=৩

৩.২.১ ''পঞ্চকন্যা পাইলা চেতন" – পঞ্চকন্যা কারা? তারা কীভাবে চেতনা ফিরে পেয়েছিল? ১+২

৩.২.২ ''কাল-ভয়ংকরের বেশে এবার ওই আসে সুন্দর!" – সুন্দরের কাল-ভয়ংকর এর বেশে আসার কারণ কী?

**৪। কমবেশি ১৫০ টি শব্দে যেকোনো একটা প্রশ্নের উত্তর দাও:-** ১x৫=৫

৪.১ ''আমার মনে হয় এ শহরে আরো কিছুদিন নজর রাখা দরকার" – বক্তার কেন এরূপ মনে হলো? কেনই বা উদ্দিষ্ট ব্যক্তির ওপর নজর রাখা দরকার? ২+৩

৪.২ ''তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।" – আজ বলতে কোন দিনের কথা বলা হয়েছে? বক্তা কেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন বলে উল্লেখ করেছেন? ২+৩

**৫। কম বেশি ১৫০ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৫=৫

৫.১ ''আমাদের ইতিহাস নেই।" – কাদের ইতিহাস নেই? তাদের ইতিহাস না থাকার কারণ কী? ১+৪

৫.২ ''অস্ত্র ফেলো অস্ত্র রাখো গানের দুটি পায়।" – কবি কেন অস্ত্রকে গানের দুটি পায়ে রাখতে বলেছেন?



**৬. কম বেশি ১৫০ টা শব্দ যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৫=৫

৬.১ ''আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন।" – শব্দের ত্রিবিধ কথাগুলি উল্লেখ করে তার প্রয়োগমূলক দিকগুলি আলোচনা কর।

৬.২ 'হারিয়ে যাওয়া কালি কলম' রচনায় প্রাবন্ধিক কলমের সেকাল ও একালকে সুন্দরভাবে উপস্থাপিত করেছেন, তা আলোচনা কর।

**৭. কম বেশি ১২৫টি শব্দে যেকোনো একটি ভার্সনের উত্তর দাও:-** ১x৪=৪

৭.১ ''জাতির সৌভাগ্য সূর্য আজ অস্তাচলগগামী।" – এখানে কোন্ জাতির কথা বলা হয়েছে? জাতির সৌভাগ্য সূর্য আজ অস্তাচলগামী বলার কারণ কী? ১+৩

৭.২ সিরাজদ্দৌলা নাট্যাংশ অবলম্বনে লুৎফা ও ঘসেটি বেগমের চরিত্রের তুলনামূলক আলোচনা কর।

**৮. কম বেশি ১৫০ শব্দে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও:-** ২x৫=১০

৮.১ ''হঠাৎ তার চোখে ভেসে উঠলো ৭০ সংখ্যাটি" – কোন ঘটনায় এমন হয়েছিল? কোনির কাছে এই সংখ্যাটার তাৎপর্য কি ছিল? ২+৩

৮.২ ''আজ প্রতিযোগিতার শেষ দিন" – প্রতিযোগিতার শেষ দিনে কী ঘটনা ঘটেছিল?

৮.৩ ''হঠাৎ কোনির দুচোখ ভরে এলো।" – কোনির দুচোখ জলে ভরে ওঠার কারণ কী? এরপর কী ঘটেছিল? ২+৩

**৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো:-** ৪

One day cart-man was driving a cart. He had to cover a long distance. Suddenly the curt jerked heavily and stopped moving. The cart-man see that the wheel had sunk in the mud.

**১০। কম বেশি ১৫০টি শব্দ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:-** ১x৫=৫

১০.১ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ভবিষ্যৎ জীবনের পরিকল্পনা ও স্বপ্ন নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা কর।

১০.২ বেসরকারি হাসপাতালগুলির অমানবিকতা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

**১১. কমবেশি ৪০০ শব্দে যে কোন একটি বিষয়ে অবলম্বনে রচনা লেখো।** ১০

১১.১ একটি কলমের আত্মকথা ১১.২ আমার জন্মভূমি

১১.৩ ভ্রমণশিক্ষার অঙ্গ ১১.৪ তোমার প্রিয় মানুষ।

-----------

# Ramakrishna Mission Boys' Home High School (HS), Rahara

## Test Examination — 2025

## Class – X

## Subject : Bengali

**Time : 3 Hours** **Full Marks : 90**

**নির্দেশাবলী ঃ**

☞ নির্দেশ অনুযায়ী প্রশ্নের উত্তর দেওয়া এবং উত্তরপত্রে প্রশ্নের দাগ নম্বর দেওয়া আবশ্যক।
☞ বানান ভুল এবং সাধু-চলিতের মিশ্রণ নিম্নমানের উত্তর বলে গণ্য হবে।
☞ প্রশ্নের উত্তর যথাযথ হওয়া বাঞ্ছনীয় এবং হাতের লেখা পরিষ্কার-পরিচ্ছন্ন হবে।
☞ Short Question গুলি প্রথমে পর পর লিখতে হবে।
☞ একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর, উত্তরপত্রের একই স্থানে পর পর লিখতে হবে।
☞ নম্বরের বিভাগ অনুযায়ী পৃথক পৃথক অনুচ্ছেদে উত্তর লিখতে হবে।
☞ প্রতিটি পৃষ্ঠায় মার্জিন দিয়ে উত্তর লিখতে হবে।
☞ অতিরিক্ত প্রশ্নের উত্তর দেবে না।

**১। সঠিক উত্তর নির্বাচন করো ঃ** **১৭x১=১৭**

১.১। ''ওই চোখ কি হরিদার চোখ হতে পারে'' — বক্তা কে?

(ক) ভবতোষ (খ) জগদীশবাবু

(গ) অনাদি (ঘ) বিরাগী।

১.২। ''ক্ষণকাল মৌন থাকিয়া কহিলেন'' — ক্ষণকাল মৌন ছিলেন —

(ক) গিরিশ মহাপাত্র (খ) নিমাইবাবু

(গ) জগদীশবাবু (ঘ) তলয়ারকর।

১.৩। পান্নালাল প্যাটেল জ্ঞানপীঠ পুরস্কার লাভ করেন —

(ক) ১৯৭৫ সালে (খ) ১৯৬৫ সালে

(গ) ১৯৭৭ সালে (ঘ) ১৯৮৫ সালে।

১.৪। ''আমাদের কথা কে-বা জানে / আমরা ফিরেছি ........।''

(ক) দোরে দোরে (খ) কাছে দূরে

(গ) দূরে দূরে (ঘ) অনেক দূরে।

১.৫। ‘‘জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন’’ — কে আসছে?

(ক) নবীন (খ) চিরসুন্দর

(গ) মহাকাল সারথি (ঘ) মুমূর্ষু।

১.৬। বৃহন্নলারূপী কিরীটির গোধন উদ্ধারের সঙ্গী ছিলেন —

(ক) বিরাট পুত্র (খ) পবন পুত্র

(গ) রাবণ পুত্র (ঘ) চিত্রাঙ্গদা পুত্র।

১.৭। ‘কায়স্থ’ আর ‘রাজপুত’ চেনা যায় যথাক্রমে —

(ক) কলম ও গায়ের রঙে (খ) কলম ও গোঁফে

(গ) আভিজাত্য ও গোঁফে (ঘ) গোঁফে ও কলমে।

১.৮। ‘পাশ্চাত্য পাঠকের তুলনায় তার পক্ষে একটু বেশি চেষ্টা আবশ্যক’ — এখানে ‘তার’ বলতে যার কথা বোঝানো হয়েছে —

(ক) ইংরেজি না-জানা পাঠক (খ) বাংলা না-জানা পাঠক

(গ) ইংরেজি জানা পাঠক (ঘ) বাংলা জানা পাঠক।

১.৯। ‘‘অনেক ধরে ধরে টাইপরাইটারে লিখে গেছেন মাত্র একজন’’ — তিনি হলেন —

(ক) সত্যজিৎ রায় (খ) অন্নদাশঙ্কর রায়

(গ) রাজশেখর বসু (ঘ) সুবোধ ঘোষ।

১.১০। ‘শুনি টঙ্কার তাহার **পিনাকে**’ — নিম্নরেখ পদটি হল —

(ক) কর্তৃকারক (খ) অপাদান কারক

(গ) করণ কারক (ঘ) অধিকরণ কারক।

১.১১। ‘আমার আজ আর আপিস যাওয়া হলই না’ — এখানে ‘আমার’ হল—

(ক) অনুক্ত কর্তা (খ) নিরপেক্ষ কর্তা

(গ) কর্মকর্তৃবাচ্যের কর্তা (ঘ) উহ্য কর্তা।

১.১২। ‘ছন্নমতি’ — সমস্ত পদটির সমাসের নাম —

(ক) বহুব্রীহি সমাস (খ) কর্মধারয় সমাস

(গ) তৎপুরুষ সমাস (ঘ) অব্যয়ীভাব সমাস।



**৯। চলিত বাংলায় অনুবাদ করো ঃ** ৪

Once a soldier was made a prisoner of war. After a few years the war ended and he was released. One day while he was walking near a market he saw a bird-seller with a cage full of birds for sale. The soldier boutht the cage and then set all the birds free one by one. When the people around asked him about his strange behavior he replied, 'I know the agony of captivity."

**১০। কম-বেশি ১৫০টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫

১০.১। ‘যত্রতত্র নোংরা আবর্জনা ফেলা পরিবেশ দূষণের অন্যতম কারণ’ — এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২। কম্পিউটার শিক্ষার প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

**১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ** ১০

১১.১। পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

১১.১। শিক্ষা বিস্তারে গণমাধ্যমের ভূমিকা।

১১.৩। একটি ভ্রমণের অভিজ্ঞতা।

১১.৪। বাংলার ঋতুবৈচিত্র্য।

**৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**

৫.১। ''তোমায় নিয়ে বেড়াবে গান / নদীতে, দেশগাঁয়ে'' — কার, কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য বুঝিয়ে লেখো। ১+৪

৫.২। 'দেখিয়া রূপের কলা বিস্মিত হইল বালা' — উদ্ধৃত অংশের 'বালা' কে? পাঠ্য কবিতা অবলম্বনে বালার সৌন্দর্যপ্রীতির পরিচয় দাও। ১+৪

**৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**

৬.১। 'জন্ম নিল ফাউন্টেন পেন।' — ফাউন্টেন পেনের স্রষ্টা কে? বাংলায় কে এই পেনের নামকরণ করেছিলেন? ফাউন্টেন পেনের জন্মবৃত্তান্তটি সংক্ষেপে লেখো। ১+১+৩

৬.২। 'বাংলা ভাষায় বিজ্ঞান' রচনায় প্রাবন্ধিক বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার ক্ষেত্রে যেসব অসুবিধার কথা বলেছেন তা আলোচনা করো। ৫

**৭। কম-বেশি ১২৫টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪**

৭.১। 'বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয় — মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা।' — উদ্ধৃতাংশটির আলোকে বক্তার দেশপ্রেম ও সাম্প্রদায়িক সম্প্রীতিবোধের পরিচয় দাও। ৪

৭.২। ''বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা'' — বক্তা কে? বক্তার এমন উক্তির কারণ কী? ১+৩

**৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ২X৫=১০**

৮.১। 'সাঁতারু অনেক বড়ো সেনাপতির থেকে' — উক্তিটি কার? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

৮.২। 'কোনি' উপন্যাসে বিষ্টু ধরের চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

৮.৩। 'এই মুহূর্তে সে বুঝল তার মাথা থেকে মুকুট তুলে নিয়েছে হিয়া' — কার কথা বলা হয়েছে? সে কীভাবে এই উপলব্ধিতে উপনীত হলো তা বুঝিয়ে দাও। ১+৪



১.১৩। অন্ন সুধার মতো — এখানে 'অন্ন' ও 'সুধা' হল যথাক্রমে —

(ক) উপমেয় ও উপমান (খ) উপমান ও উপমেয়

(গ) উপমেয় ও সাধারণ ধর্ম (ঘ) উপমান ও সাধারণ ধর্ম।

১.১৪। ''এই অন্তরমহলে মানুষের যে মিলন, সেই মিলনই সত্য মিলন'' — গঠন অনুসারে বাক্যটি —

(ক) সরল বাক্য (খ) জটিল বাক্য

(গ) যৌগিক বাক্য (ঘ) মিশ্র বাক্য।

১.১৫। ''এস আমার দৈন্যমাঝে রাজার সাজে'' — অর্থগত দিক থেকে বাক্যটি হল —

(ক) প্রার্থনাসূচক (খ) অনুজ্ঞাসূচক

(গ) নির্দেশক (ঘ) শর্তসাপেক্ষ।

১.১৬। যে বাচ্যের ক্রিয়াটি সবসময় হ-ধাতুনিষ্পন্ন অকর্মিকা ক্রিয়া এবং মধ্যম ও প্রথম পুরুষে একই রূপে থাকে সেটি হল —

(ক) কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য

(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

১.১৭। 'কিছুই বলা যাচ্ছে না → কিছুই বলতে পারছি না' — এখানে যে বাচ্যান্তর ঘটেছে তা হল —

(ক) ভাববাচ্য থেকে কর্তৃবাচ্য (খ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য

(গ) কর্মবাচ্য থেকে ভাববাচ্য (ঘ) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য।

**২। কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১৯X১=১৯**

**২.১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪X১=৪**

২.১.১। ''ইসাবের মনে পড়ল'' — ইসাবের কী মনে পড়েছিল?

২.১.২। ''সত্যিই যে বিশ্বাস করতে পারছি না'' — বক্তা কী বিশ্বাস করতে পারছে না?

২.১.৩। ''আমার ইচ্ছা তুমি একবার সবগুলো দেখে আস'' — এখানে কী দেখে আসার কথা বলা হয়েছে?

২.১.৪। ''তাহার উচিত হয় নাই'' — কার, কী করা উচিত হয়নি?

২.১.৫। ''উনি ঘোষণা করলেন'' — কে, কী ঘোষণা করেছিলেন?

**২.২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪X১=৪**

২.২.১। ''পঞ্চকন্যা পাইলা চেতন'' — পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেল?

২.২.২। ''সব চূর্ণ হয়ে গেল, জ্বলে গেল আগুনে' — কী, কী চূর্ণ হয়ে আগুনে জ্বলে গিয়েছিল?

২.২.৩। ''স্রষ্টা যখন নিজের প্রতি অসন্তোষে'' — স্রষ্টা নিজের প্রতি অসন্তুষ্ট ছিলেন কেন?

২.২.৪। ''হা ধিক্ মোরে!'' — বক্তা কেন নিজেকে ধিক্কার দিয়েছিলেন?

২.২.৫। ''তবু তো ক'জন আছি বাকি'' — কবির একথা বলার কারণ কী?

**২.৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩X১=৩**

২.৩.১। ''বড়োরা শিখিয়ে দিয়েছিলেন'' — বড়োরা কী শিখিয়ে দিয়েছিলেন?

২.৩.২। ''কিন্তু তাও কেউ কেউ লিখে থাকেন'' — কী লেখার কথা বলা হয়েছে?

২.৩.৩। ''কলম সেদিন খুনিও হতে পারে বইকি'' — কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে লেখো।

২.৩.৪। ''তাঁদের নতুন করে শিখতে হচ্ছে'' — কী শেখার কথা বলা হয়েছে?

**২.৪। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ৮X১=৮**

২.৪.১। ব্যতিহার কর্তা কাকে বলে?

২.৪.২। সমধাতুজ করণের একটি উদাহরণ দাও।

২.৪.৩। কপোতাক্ষ — পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪। নীচের ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো ঃ
বর দান করেন যিনি —



২.৪.৫। 'ইন্দ্র আশ্বাস দিলেও আমি রাজি হইলাম না।' — যৌগিক বাক্যে রূপান্তর করো।

২.৪.৬। 'তখন ধীরে ধীরে সমস্ত বিষয়টাই পরিস্ফুট হইয়া উঠিল' — নঞর্থক বাক্যে রূপান্তর করো।

২.৪.৭। 'আপনারা এখন কি ভবানীপুরেই থাকেন' — ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.৮। কর্মকর্তৃবাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.৯। আসত্তিহীন একটি বাক্যের উদাহরণ দাও।

২.৪.১০। কোন বহুব্রীহি সমাসে পূর্বপদ ও উত্তরপদ পৃথক বিভক্তিযুক্ত হয়?

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬**

**৩.১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১X৩=৩**

৩.১.১। ''কৈ এ ঘটনা তো আগে বলেননি'' — কে, কাকে একথা বলেছে? এখানে কোন ঘটনার কথা বলা হয়েছে? ১+২

৩.১.২। 'হঠাৎ ভয়ানক একটা উত্তেজনা অনুভব করে' — বক্তার উত্তেজনার কারণ কী? উত্তেজিত হয়ে বক্তা কী করেছিল? ২+১

**৩.২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১X৩=৩**

৩.২.১। 'তারা আর স্বপ্ন দেখতে পারলো না' — 'তারা' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা স্বপ্ন দেখতে পারলো না কেনো? ১+২

৩.২.২। 'ধ্বংস দেখে ভয় কেন তোর?' — ধ্বংসকে ভয় না পাওয়ার কারণটি বুঝিয়ে দাও।

**৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫**

৪.১। 'বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে' — বক্তা কার সম্পর্কে এ কথা বলেছেন? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৪.২। 'তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যাবে।' — বক্তা কোন্ প্রসঙ্গে এ কথা বলেছেন? এই উক্তির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ২+৩

RAMAKRISHNA MISSION SARADA VIDYAPITH(H.S)

JOYRAMBATI, BANKURA

TEST EXAMINATION-2025

SUB-BENGALI , CLASS-X, F.M.-90 TIME-3HRS

১। সঠিক উত্তরটি নির্বাচন করোঃ ১x১৭= ১৭

১.১. আফ্রিকার ক্রন্দন ছিল-

ক) উগ্র খ) ছায়াবৃতা গ) ভাষাহীন ঘ) বীভৎস।

১.২. 'অসুখী একজন' কবিয়তায় কবির বিছানার ধারের গাছটি ছিল-

ক) গোলাপি খ) হলুদ গ) কালো ঘ) সবুজ।

১.৩. "কপোলতলে" – 'কপোল' কথার অর্থ-

ক) কপাল খ) পায়রা গ) গাল ঘ) কর্পূর।

১.৪. ইসাবের জামার যে পরিমাণ কাপড় ছিঁড়ে গেছিল তা হল-

ক) ৬ইঞ্চি খ) ৫ ইঞ্চি গ) ৪ইঞ্চি ঘ) ৩ইঞ্চি।

১.৫. তেওয়ারি বর্মা নাচ দেখাতে গিয়েছিল-

ক) মিক্‌থিলা খ) ফয়া গ) এনাঞ্জাং ঘ) প্রোম।

১.৬. তপন প্রথম লিখেছিল-

ক) কবিতা খ) প্রবন্ধ গ) গল্প ঘ) নাটিকা।

১.৭. ইংরাজি জানা পাঠকদের প্রাবন্ধিক যে শ্রেণিভুক্ত করেছেন তা হল-

ক) প্রথম খ) দ্বিতীয় গ) তৃতীয় ঘ) চতুর্থ।

১.৮. অভিধা যে অর্থ প্রকাশ করে তা হল-

ক) লক্ষিত খ) আভিধানিক গ) ব্যঞ্জিত ঘ) বিস্তৃত।

১.৯. স্টাইলাস হল-

ক) তাম্র-শলাকা খ) লৌহ-শলাকা গ) ব্রোঞ্জ-শলাকা ঘ) পালক-শলাকা।

১.১০. 'ক্ষণে ক্ষণে' –এর সমাসবদ্ধ পদটি হবে-

ক) ক্ষণেক খ) ক্ষণমাত্র গ) প্রতিক্ষণ ঘ) ক্ষণিকমাত্র।

১.১১. সমাসে প্রাধান্য লাভ করে-

ক) পদক্রম খ) ধ্বনি গ) বানান ঘ) অর্থ।

১.১২. সরলবাক্যে সমাপিকা ক্রিয়ার সর্বাধিক সংখ্যা-

ক) ১ খ) ২ গ) একাধিক ঘ) একটিও নয়।

১.১৩. ছাগলে বাঘ খেয়েছে। - এখানে লঙ্ঘিত শর্তটি হল-

ক) আকাঙ্ক্ষা খ) আপত্তি গ) যোগ্যতা ঘ) তিনটিই।

১.১৪. কর্মবাচ্যের কর্তাটি হল-

ক) অনুক্তকর্তা খ) উক্তকর্তা গ) কর্মকর্তা ঘ) ব্যতিহার কর্তা।

১.১৫. লেখো। এটি যে বাক্যের উদাহরণ তা হল-

ক) কর্মবাচ্য খ) ভাববাচ্য গ) কর্তৃবাচ্য ঘ) ধাতুবিভক্তি।

১.১৬. পদের বচন বোধক হল-

ক) অনুসর্গ খ) শব্দ বিভক্তি গ) নির্দেশক ঘ) ধাতু বিভক্তি।

১.১৭. ক্রিয়ার আধার হল-

ক) অকারক খ) কর্তা গ) করণ ঘ) অধিকরণ।

**২। কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্ন গুলির উত্তর দাওঃ ১৯x১=১৯**

**২.১. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৪x১=৪**

২.১.১. "তখন আহ্লাদে কাঁদো কাঁদো হয়ে যায়।" – কে? কেন?

২.১.২. "বুড়ো মানুষের কথাটা শুনো।" – কথাটি কী ছিল?

২.১.৩. অমৃত ও ইসাবের মধ্যে তফাৎ কী ছিল?

২.১.৪. "নিজেকে কেবল বুঝাইতে পারে না।" – কী বোঝাতে পারে না?

২.১.৫. জগদীশবাবু কীভাবে সন্ন্যাসীর পায়ের ধুলো নিয়েছিলেন?

**২.২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৪x১=৪**

২.২.১. "সেখানে ছড়িয়ে রইল" – কী ছড়িয়ে ছিল?

২.২.২. "পায়ে পায়ে হিমানীর বাঁধ" – কথাটির অর্থ বুঝিয়ে দাও।

২.২.৩. ঔপনিবেশিকদের আগমনে আফ্রিকার কীরূপ অবস্থা হয়?

২.২.৪. "জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া" – বিস্ময়ের কারণ কী?

২.২.৫. কবি নজরুল 'জয়ধ্বনি' করতে বলেছেন কেন?

**২.৩. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ৩x১=৩**

২.৩.১. কালি তৈরি প্রসঙ্গে প্রাচীনদের অভিজ্ঞতা কী ছিল?

২.৩.২. কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিভাষা সমিতি কারা ছিলেন?

২.৩.৩. "'ব্যঞ্জনা' কী?

২.৩.৪. "কলম তাঁদের কাছে অস্পৃশ্য।" – কেন?

২.৪. যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাওঃ ৮x১=৮

২.৪.১. সমধাতুজ করণ কাকে বলে?

২.৪.২. 'কর্মে বীপ্সা' কী?

২.৪.৩. কর্তৃকারকে 'তে' বিভক্তির উদাহরণ দাও।

২.৪.৪. বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস কাকে বলে?

২.৪.৫. 'জয়ধ্বনি' পদটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৬. সন্ধি ও সমাসের পার্থক্য লেখো।

২.৪.৭. নির্দেশক বাক্য কাকে বলে?

২.৪.৮. 'তোমার সুখ কামনা করি।' – প্রার্থনাসূচক বাক্যে রূপান্তর করো।

২.৪.৯. " এতে দুজনেরি ভয় কেটে গেল।" – কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.১০. কর্ম-কর্তৃবাচ্য কাকে বলে?

**৩। প্রসঙ্গ নির্দেশ সহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাওঃ ৩+৩=৬**

**৩.১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১x৩=৩**

৩.১.১."কিন্তু বুনোহাঁস ধরাই যে এদের কাজ"-বক্তা কে? তাঁর এরূপ বক্তব্যের কারণ কী? ১+২

৩.১.২. "চিঠি পকেটেই ছিল।" – কোন্ চিঠি? চিঠির পরিণতি কী হয়েছিল?১+২

**৩.২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১x৩=৩**

৩.২.১. "তারা আর স্বপ্ন দেখাতে পারল না।" – তাৎপর্য বিশ্লেষণ করো। ৩

৩.২.২. "বিস্মিত হইল বালা।" – বালা কে? তাঁর বিস্ময়ের কারণ কী? ১+২

**৪। কম-বেশি ১৫০ টি শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫**

৪.১ 'সিন্ধুতীরে' কাব্যাংশ অনুসরণে 'সমুদ্রনৃপতিসুতা' এর চরিত্র বিষয়ে আলোচনা করো। ৫

৪.২. কবির যুদ্ধ বিরোধী মনোভাবটি 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতা অনুসারে নিজের ভাষায় লেখো।

**৫। কম-বেশি ১৫০ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫**

৫.১. "বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে"- কার সম্পর্কে একথা বলা হয়েছে? তাঁর স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

৫.২. 'বহুরূপী' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ৫

৬। কম-বেশ ১৫০ শব্দে যে-কোনো একাট প্রশ্নের উত্তর দাওঃ ৫

৬.১. "কালগুণে বুঝিবা আজ আমারো তাই।" – 'আমারা' কারা? কথাটির সাহায্যে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন? ২+৩

৬.২. 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধ অনুসারে বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার বাধাগুলি দূর করতে প্রাবন্ধিকের পরামর্শগুলি নিজের ভাষায় লেখো। ৫

৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৪

৭.১. "আমি আজ ধন্য! আমি ধন্য! – বক্তা কে? উক্তটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৭.২. ঘসেটি বেগম চরিত্রটির মূল্যায়ণ করো। ৪

৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ২x৫=১০

৮.১. কোনির সাফল্যে ক্ষিদ্দার অবদান কতখানি তা আলোচনা করো। ৫

৮.২. বিষ্টুচরণ ধরের পরিচয় দাও। তাঁর 'ডায়েটিং' বর্ণনা করো। ৩+২

৮.৩. জুপিটার ক্লাবে ক্ষিতীশ সিংহের বিরুদ্ধে আনা অভিযোগ গুলি কী ছিল? সেগুলির উত্তরে ক্ষিতীশ সিংহের বক্তব্য কী ছিল? ৩+২

৯। চলিত বাংলায় অনুবাদ করোঃ ৪

**There was a shepherd boy. Every day he would go up the hill to graze the sheep herd. One day, just to have he shouted, wolf! Help! Wolf! Help!" Down the hill, the farmers were working in their field. They heard his cry to help and at once rushed to the boy.**

১০। কম-বেশি ১৫০শব্দে যে-কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫

১০.১. মৈত্রী সংঘের ব্যবস্থাপনায় রক্তদান শিবির আয়োজিত হল- সে বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২. মোবাইল ফোন ব্যবহারের ভালোমন্দ নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ১০

১১.১. গ্রন্থাগারের উপযোগিতা।

১১.২. বাংলার ঋতু বৈচিত্র্য।

১১.৩. বিজ্ঞান ও কু-সংস্কার।

১১.৪. প্রিয় সাহিত্যিক।

৬.২। ‘আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন।’ — এগুলি কী কী ? উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। 1+4

**৭। অনধিক ১২৫টি শব্দে উত্তর দাও (যে কোনো একটি) ঃ 4 x 1=4**

৭.১। ‘মনে হয়, ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ-সঞ্চালনে ভূমিকম্প।’ — ‘ওর’ বলতে কাকে বোঝানো হয়েছে ? বক্তার উদ্দিষ্টের প্রতি এমন মন্তব্যের কারন আলোচনা করো। 1+3

৭.২। ‘আমার এই অক্ষমতার জন্যে তোমরা আমাকে ক্ষমা করো।’ — বক্তা কাদের কাছে কোন্ অক্ষমতা প্রকাশ করেছেন ?

**৮। অনধিক ১৫০টি শব্দে উত্তর দাও (যে কোনো দুটি) ঃ 5 x 2=10**

৮.১। কোণির পারিবারিক জীবনের পরিচয় দাও।

৮.২। কোণির উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী রূপে লীলাবতীর পরিচয় দাও।

৮.৩। ‘বিষ্টু ধরের বিরক্তির কারন হাত পনেরো দূরের একটা লোক।’ — বিষ্টু ধরের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তার বিরক্তির কারন উল্লেখ করো।

**৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ 4**

A real friend is he who remains true to us as long as he lives. He will share our sorrows as well as our joys. He will stand by us in our hard times and is always ready to help us. He will risk everything, even life for the sake of his friend.

**১০। কমবেশি ১৫০ শব্দের মধ্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ 5 x 1=5**

১০.১। ‘টানা বৃষ্টিতে বিপর্যস্ত শহরের জনজীবন।’ — এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২। অনলাইন পঠন-পাঠনের সুবিধা-অসুবিধা নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

**১১। কমবেশি ৪০০ শব্দের মধ্যে যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ 10**

১১.১। মানব কল্যাণে বিজ্ঞান।

১১.২। পরিবেশ সুরক্ষায় ছাত্রসমাজের ভূমিকা।

১১.৩। একটি ছুটির দিন।

১১.৪। দেশভ্রমণ শিক্ষার অঙ্গ।

== 0 ==

**Ramakrishna Mission Vidyabhavan (H.S.), Midnapore**

**Test Exam : 2025**

Class - X **BENGALI** F.M.-90 (Time-3.00 hrs.)

**১। ঠিক বিকল্পটি নির্বাচন করে লেখো ঃ 1 x 17=17**

১.১। ‘ওই চোখ কী হরিদার চোখ হতে পারে ?’ বক্তা কে ? — (ক) শিবতোষ, (খ) ভবতোষ, (গ) মনোতোষ, (ঘ) অনাদি।

১.২। ‘উনি ভুরু কুঁচকালেন’ - ‘উনি’ কে ? — (ক) ইসাবের বাবা, (খ) অমৃতের বাবা, (গ) কালিয়ার বাবা, (ঘ) অমৃতের মা।

১.৩। ‘আচ্ছা তুমি এখন যেতে পারো মহাপাত্র’ — কথাটি বলেছেন — (ক) পুলিশ অফিসার, (খ) জগদীশবাবু, (গ) নিমাইবাবু, (ঘ) অপূর্ব।

১.৪। ‘অসুখী একজন’ কবিতায় কবি কটি বছর কেটে যাওয়ার কথা বলেছেন ? — (ক) চারটি, (খ) তিনটি, (গ) দুটি, (ঘ) একটি।

১.৫। ‘জরায় মরা মুমূর্ষুদের প্রাণ’ - কোথায় লুকোনো রয়েছে ? — (ক) বিনাশের মধ্যে, (খ) ধ্বংসের মধ্যে, (গ) সৃষ্টির মধ্যে, (ঘ) প্রলয়ের মধ্যে।

১.৬। ‘বিদায় এবে দেহ, বিধুমুখী’ — বিধুমুখী কাকে বলা হয়েছে ? — (ক) মন্দোদরীকে, (খ) প্রমীলাকে, (গ) সীতাকে, (ঘ) সরমাকে।

১.৭। শ্রীপান্থ কোন্ পত্রিকার সম্পাদকীয় বিভাগে চাকরি করতেন ? — (ক) যুগান্তর, (খ) আজকাল, (গ) আনন্দবাজার, (ঘ) বর্তমান।

১.৮। কোথায় পপুলার সায়েন্স লেখা সুসাধ্য ? — (ক) ইতালি-ইউরোপে, (খ) ইংল্যান্ড - আমেরিকায়, (গ) ভারত-চিনে, (ঘ) ইউরোপ - আমেরিকায়।

১.৯। এক সময় লেখা শুকোনো হত কি দিয়ে ? — (ক) বালি দিয়ে, (খ) কাপড় দিয়ে, (গ) মাটি দিয়ে, (ঘ) ব্লটিং পেপার দিয়ে।

১.১০। খাঁটি বাংলায় বিভক্তি শূন্য পদ — (ক) সম্বন্ধ পদ, (খ) সম্বোধন পদ, (গ) অব্যয় পদ, (ঘ) ক্রিয়া পদ।

১.১১। কর্তৃবাচ্যের কর্তার অপর নাম — (ক) বাক্যাংশ কর্তা, (খ) প্রযোজক কর্তা, (গ) প্রযোজ্য কর্তা, (ঘ) উক্ত কর্তা।

১.১২। সমস্যমান পদের সমন্বয়ে গঠিত হয় — (ক) উত্তর পদ, (খ) পূর্ব পদ, (গ) সমস্ত পদ, (ঘ) ব্যাসবাক্য।

১.১৩। যে কর্মধারয় সমাসে সাধারণ ধর্ম থাকে না — (ক) রূপক, (খ) উপমান, (গ) মধ্যপদলোপী, (ঘ) উপমিত।

১.১৪। যে পদের অভাবে অন্য পদের প্রতীতি হয় না, তাকে বলে — (ক) যোগ্যতা, (খ) আসত্তি, (গ) আকাঙ্ক্ষা, (ঘ) যোজক।

১.১৫। জটিল বাক্যের প্রতিটি খণ্ডবাক্যে থাকে একটি করে — (ক) সর্বনাম, (খ) বিশেষ্য, (গ) অব্যয়, (ঘ) সমাপিকা ক্রিয়া।

১.১৬। কর্মবাচ্যের কর্তায় যুক্ত হয় — (ক) বিভক্তি, (খ) উপসর্গ, (গ) নির্দেশক, (ঘ) অনুসর্গ

১.১৭ 'পরম সুখ কাকে বলে জানেন?' - এটি কোন্ বাচ্যের উদাহরণ? — (ক) কর্তৃবাচ্যের, (খ) কর্মবাচ্যের, (গ) ভাববাচ্যের, (ঘ) কর্মকর্তৃবাচ্যের।

**২। অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : 1 x 19=19**

**২.১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : 1 x 4=4**

২.১.১ 'আপনি রাগ করবেন না' — কে কাকে এ কথা বলেছেন?

২.১.২ 'মনের টান দুর্বল হইয়া গেল' — কেন দুর্বল হয়ে গেল?

২.১.৩। 'ফ্যাসফেসে গলায় হাসান বললেন' — কি বললেন?

২.১.৪ 'এমন সময় ঘটল সেই ঘটনা' — কোন্ ঘটনা?

২.১.৫ 'কিন্তু তোমার বাপু একটা ভুল হয়েছে' — কার, কোন্ ভুল হয়েছিল?

**২.২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : 1 x 4=4**

২.২.১ 'শ্রীযুত মালিনী ভগ্নী' — 'মালিনী ভগ্নী'র পরিচয় দাও।

২.২.২ 'আমাদের পথ নেই আর' — কাদের পথ নেই?

২.২.৩। 'কেঁদে এল তার মাথার ওপর' — কার মাথার ওপর কী কেঁদে আসার কথা বলা হয়েছে?

২.২.৪ 'শঙ্কাকে চাহিল ধরা মানাতে' — কে কীভাবে শঙ্কাকে ধরা মানাতে চেয়েছিল?

২.২.৫। 'বধূরা প্রদীপ তুলে ধর' — বধূরা কার উদ্দেশে প্রদীপ তুলে ধরবে?

**২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : 1 x 3=3**

২.৩.১। 'না দেখলে বিশ্বাস করা শক্ত' — কী না দেখলে বিশ্বাস করা শক্ত?

২.৩.২। 'কিন্তু কাগজে একজন বিদেশি সাংবাদিক লিখেছিলেন' — কী লিখেছিলেন?

২.৩.৩ 'তাদের নতুন করে শিখতে হচ্ছে' — কী শিখতে হচ্ছে?

২.৩.৪। 'এতে রচনা উৎকট হয়।' — রচনা উৎকট হয় কীসে?

**২.৪। যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : 1 x 8=8**

২.৪.১ বাংলায় সমাসের দুটি গুরুত্ব লেখো।

২.৪.২ বহুব্রীহি সমাস কাকে বলে? উদাহরণ দাও

২.৪.৩। বাংলা বাক্যের স্বাভাবিক পদক্রম কি রকম?



২.৪.৪ অনুজ্ঞাবাচক কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.৫। নিরপেক্ষ কর্তা কাকে বলে? উদাহরণ দাও

২.৪.৬ গর্বে যারা অন্ধ তোমার সূর্যহারা অরণ্যের চেয়ে। রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৭ আসত্তিহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.৮ বাচ্য কাকে বলে?

২.৪.৯। তার কন্যা থাকে সর্বক্ষণ — ভাববাচ্যে রূপান্তর করো।

২.৪.১০ সম্বন্ধপদ কারক পদবাচ্য নয় কেন?

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : 3 x2=6**

**৩.১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3 x1=3**

৩.১.১ 'সব শুনে খুব গম্ভীর হয়ে গেলেন হরিদা' — কোন্ কথা শুনে হরিদা গম্ভীর হয়ে গিয়েছিলেন?

৩.১.২। 'নদীর বিদ্রোহ' গল্পে নদীর বিদ্রোহী হয়ে ওঠার কারণ কী?

**৩.২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3 x1=3**

৩.২.১। 'প্রকৃতি [illegible]' — প্রকৃতিকে 'বিদ্যুৎ[illegible]' বলা হয়েছে কেন?

৩.২.২ 'গানের বর্ম আজ পরেছি গায়ে' — গানকে কবি বর্ম করতে চেয়েছেন কেন?

**৪। অনধিক ১৫০টি শব্দে উত্তর দাও (যে কোনো একটি) : 5 x1=5**

৪.১। 'শুধু এই দুঃসময়ের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন' — মুহূর্তটি কেন দুঃসময়ের? এই দুঃসময়ের থেকে তপন কী সংকল্প গ্রহণ করেছিল? 3+2

৪.২ 'তাহার পরিচ্ছদের প্রতি দৃষ্টিপাত করিয়া মুখ ফিরাইয়া হাসি গোপন করিল' — কে হাসি গোপন করল? হাসি পাওয়ার কারণ কী? 1+4

**৫। কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও (যে কোনো একটি) : 5 x1=5**

৫.১ 'তারপর যুদ্ধ এল।' — কোন্ ঘটনার পর যুদ্ধ এল? যুদ্ধের ফলশ্রুতি কী হয়েছিল? 2+3

৫.২ 'ভেঙে আবার গড়তে জানে সে চিরসুন্দর' — কে কী গড়তে জানে? চিরসুন্দর রূপ গঠন করতে সে কী পদক্ষেপ নিয়েছে?

**৬। অনধিক ১৫০টি শব্দে উত্তর দাও (যে কোনো একটি) : 5 x 1=5**

৬.১ 'আশ্চর্য সবই আজ অবলুপ্তির পথে।' — 'সবই'-র পরিচয় দাও। উল্লিখিত বিষয়টি কীভাবে আজ অবলুপ্তির পথে আলোচনা করো 3+2

Ramakrishna Mission Vidyalaya, Narendrapur
Test Examination—2025
Class – X
Bengali

Time-3Hours 15 Minutes Full Marks -90

Name……………………………………………………Reg. No……………….

*(সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। বানান ভুল ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যাবে। প্রতি পাতায় মার্জিন দেবে।)*

১. ঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১X ১৭=১৭

১.১ 'নখ যাদের তীক্ষ্ণ' - কাদের উদ্দেশ্যে বলা হয়েছে?
ক) পশু খ) নরখাদক গ) সাম্রাজবাদী ঘ) পাখি

১.২ 'যথা অশোকের ফুল অশোকের তলে' - কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?
ক) কনক-আসন খ) মৈনাক শৈল গ) হেমলতা ঘ) কুণ্ডল

১.৩ '......হাসে শিশু চাঁদের কর -' - কোথায় হাসে?
ক) আকাশে খ) দিগম্বরের জটায় গ) সমুদ্রের জলে ঘ) গাছের আড়ালে

১.৪ 'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল' - উদ্ধৃতাংশের অর্থ
ক) অতিবিস্মিত হওয়া খ) ভয় পাওয়া গ) হাসি পাওয়া ঘ) দেখতে না পাওয়া

১.৫ '......আর আমাদের চারজনের সকাল সন্ধ্যার আড্ডার ঘর।' - চারজনের একজন হলেন--
ক) সুবোধ খ) অপূর্ব গ) অনাদি ঘ) অনিল

১.৬ গিরীশ মহাপাত্রের পায়ে 'ফুল মোজার' রঙ ছিল--
ক) সবুজ খ) লাল গ) রামধনু ঘ) কালো

১.৭ '.......... ধরে নাও আমি মৃত।' - কথাটি বলেছেন--
ক) জার্মন লেখক খ) ইংরেজ দার্শনিক গ) ফরাসি কবি ঘ) বাঙালি নাট্যকার

১.৮ 'মুঘল দরবারে একদিন তাঁদের কত না খাতির, .......' যাঁদের খাতির ছিল তাঁরা হলেন--
ক) জ্যোতিষী খ) কবি গ) চিত্রকর ঘ) লিপি-কুশলী

১.৯ রাজশেখর বসু রচিত একটি গ্রন্থের নাম--
ক) জাগরী খ) গড্ডালিকা গ) পদ্মানদীর মাঝি ঘ) কলকাতা

১.১০ 'কাজলকালো' - সমাসটি কী ধরণের কর্মধারয়?
ক) উপমিত খ) রূপক গ) উপমান ঘ) মধ্যপদলোপী

১.১১ পূর্বপদ প্রাধান্যপায় কোন সমাসে?
ক) দ্বিগু খ) অব্যয়ীভাব গ) বহুব্রীহি ঘ) দ্বন্দ্ব

১.১২ 'কলমে কায়স্থ চিনি' - 'কায়স্থ' পদটি কোন কারকের উদাহরণ?
ক) কর্ম খ) কর্তৃ গ) করণ ঘ) নিমিত্ত

১.১৩ অপ্রধান খন্ড বাক্য থাকে কোন ধরণের বাক্যে?
ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) কোনোটিতেই নয়

১.১৪ বাক্যে বিভক্তির মতো কাজ করে--

ক) উপসর্গ  খ) অব্যয়  গ) অনুসর্গ  ঘ) ধাতু

১.১৫ ঘুড়ি ওড়ে - কোন বাচ্যের উদাহরণ?

ক) কর্ম বাচ্য  খ) ভাব বাচ্য  গ) কর্ম-কর্তৃ বাচ্য  ঘ) কর্তৃ বাচ্য

১.১৬ সে দরিদ্র হলেও সৎ - বাক্যটি গঠনগত দিক থেকে--

ক) সরল বাক্য  খ) মিশ্র বাক্য  গ) যৌগিক বাক্য  ঘ) জটিল বাক্য

১.১৭ 'আসত্তি' শব্দটি বাক্যগঠনে যে অর্থে ব্যবহৃত হয়--

ক) নৈকট্য  খ) আধিক্য  গ) সম্পূর্ণ  ঘ) বাস্তবতা

২. কমবেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও ঃ  ১× ১৯= ১৯

২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ  ১× ৪= ৪

২.১.১ ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে - কোন কথা?

২.১.২ 'এটা আমার প্রাণের অনুরোধ' - অনুরোধটি কী?

২.১.৩ নিমাইবাবু কাকে কেন 'সদাশয় ব্যক্তি' বলেছেন?

২.১.৪ 'সে ওদের আনন্দ মাটি করার জন্য বলল' - কে কী বলল?

২.১.৫ ''........মানুষ কী তাকে রেহাই দিবে?'' - কেন এই উক্তি?

২.২ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ  ১× ৪= ৪

২.২.১ 'তার পাশে রচিল উদ্যান' - কোথায় উদ্যান রচিত হয়েছিল?

২.২.২ 'পায়ে পায়ে হিমানীর বাঁধ' - কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

২.২.৩ 'হায় ছায়াবৃতা' - ছায়াবৃতা বলার কারণ কী?

২.২.৪ 'কহিলা রাক্ষসপতি' - কী বললেন?

২.২.৫ 'নেম এল তার মাথার ওপর' - কার মাথায় ওপর কী নেমে এসেছিল?

২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ  ১×৩=৩

২.৩.১ 'অনেক লেখক মনে করেন' - কী মনে করেন?

২.৩.২ 'দার্শনিক তাকেই বলি।' - কাকে দার্শনিক বলেন?

২.৩.৩ 'ফিনিসীয়' হলে লেখক কী করতেন?

২.৩.৪ হিমালয় যেন পৃথিবীর মানদণ্ড-' কার উক্তি?

২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ  ১×৮=৮

২.৪.১ সম্বন্ধপদ কারক নয় কেন?

২.৪.২ অনুসর্গ ও বিভক্তির একটি পার্থক্য লেখো।

২.৪.৩ 'পঙ্কজ' ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৪.৪ অলোপ সমাস কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.৫ <u>টাকায়</u> কত কী না হয় - রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৬ নদীর ধারে তার জন্ম হইয়াছে - কর্তৃবাচ্যে রূপান্তর করো।

২.৪.৭ বাক্যগঠনের শর্তগুলি কী কী?

২.৪.৮ সন্ধ্যায় পাখিরা বাসায় ফেরে - যৌগিক বাক্যে রূপান্তর করো।

২.৪.৯ শর্তসাপেক্ষ বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০ নির্দেশক বাক্য কয়প্রকার কী কী?

৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১ যে কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

৩.১.১ 'চমকে ওঠে ভবতোষ।' - ভবতোষ কে? সে চমকে ওঠে কেন? ১+২=৩

৩.১.২ ''সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল।'' - কে কেন কেঁদেফেলেছিল? ১+২=৩

৩.২ যে কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

৩.২.১ 'দিব্যপুরী সমুদ্র মাঝার' - 'দিব্যপুরী' বলতে কোন পুরী কে বোঝান হয়েছে? তার বর্ণনা দাও। ১+২=৩

৩.২.২ 'আঁকড়ে ধরে সে খড়কুটো' - এখানে 'খড়কুটো' বলতে কী বোঝান হয়েছে? 'খড়কুটো' কেন বলা হয়েছে? ১+২=৩

৪. কমবেশি ১৫০টি শব্দে যে কোনোও <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১×৫=৫

৪.১ তপনের জীবনের সবচেয়ে সুখের দিনটি কীভাবে সবচেয়ে দুঃখের দিনে পরিণত হল তা গল্প অবলম্বনে আলোচনা করো।

৪.২ 'পাথেরদাবী' পাঠ্যাংশ অবলম্বনে অপূর্বর চারিত্রিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৫. কমবেশি ১৫০টি শব্দে যে কোনোও <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১×৫=৫

৫.১ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় কাদের কথা বলা হয়েছে? তাদের জীবন সংগ্রামের যে চিত্র ফুটে উঠেছে, তা নিজের ভাষায় বুঝিয়ে দাও।

৫.২ 'প্রলয়' ও 'উল্লাস' আপাতবিরোধী দুটি শব্দের মিলনে কবিতার নামকরণ সার্থক হয়েছে কিনা আলোচনা করো।

৬. কমবেশি ১৫০টি শব্দে যে কোনোও <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১×৫=৫

৬.১ বাংলাভাষায় বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ রচনা করতে গেলে রচনা পদ্ধতি কেমন হওয়া প্রয়োজন বলে লেখক মনে করেন তা আলোচনা করো।

৬.২ 'হারিয়ে যাওয়া কালি কলম' রচনাটি অবলম্বনে লেখকের বাল্যজীবনের পরিচয় দাও।

৭. কমবেশি ১২৫টি শব্দে যে কোনোও <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

৭.১ 'আছে শুধু প্রতিহিংসা' - উক্তিটি কার? কেন তাঁর এই উক্তি? ১+৩=৩

৭.৪ 'নবাব কি প্রকাশ্য দরবারেই আমার বিচার করতে চান? -' বক্তা কে? তাঁর বিরুদ্ধে কী কী অভিযোগ ছিল? ১+৩=৪

৮. কমবেশি ১৫০টি শব্দে যে কোনোও দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

৮.১ ‘কোনি’ রচনাটি অবলম্বনে হিয়া মিত্র চরিত্রটি সম্বন্ধে আলোচনা করো। ৫

৮.২ ‘কোনি’ রচনাটিতে লীলাবতীর পরিচয় দাও এবং তাঁর চারিত্রিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১+৪=৫

৮.৩ ‘সময়কে হারালে পারবি যন্ত্রণাকে হারাতে।’ - বক্তা কে? বক্তব্যটির প্রসঙ্গ ও তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪=৫

৯. চলিত বাংলায় অনুবাদ করো ঃ ৪

Good books are storehouses of knowledge and wisdom. Anyone who has the key can enter these storehouses and helps himself. What is the key? Simply the ability to read.

১০. কমবেশি ১৫০টি শব্দে যে কোনোও একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫

১০.১ মাতৃভাষার সঙ্গে ইংরেজি ভাষা শেখার প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ শিক্ষা প্রতিষ্ঠানে ‘বিজ্ঞানবিষয়ক প্রদর্শনী’ বিষয়ে একটি প্রতিবেদন চরনা করো।

১১. কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১০

১১.১ পরিবেশ রক্ষায় ছাত্রসমাজের ভূমিকা

১১.২ বাংলার উৎসব

১১.৩ ভ্রমণ-শিক্ষার অঙ্গ

১১.৪ একটি রাজপথের আত্মকাহিনি

---০---

## RAMAKRISHNA MISSION VIDYAPITH , PURULIA

## TEST EXAMINATION- 2025

## দশম শ্রেণি

## বাংলা প্রথম ভাষা

সময় - ৩ঘণ্টা পূর্ণমান - ৯০

১। ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১৭ x ১ = ১৭

১.১ 'অদল বদল' গল্পের অনুবাদক কে -
ক) অর্ঘ্যকুসুম দত্ত খ) অর্ঘ্যকুসুম গুপ্ত গ) অর্ঘ্যকুসুম দত্তগুপ্ত ঘ) অর্ঘ্যকমল দত্তগুপ্ত

১.২ 'সেটা পূর্বজন্মের কথা' - পূর্বজন্মের কথাটি হল -
ক) বিরাগী নির্মোহ হল খ) বিরাগী রাগের অধীন গ) বিরাগী সংসার বিমুখ ঘ) বিরাগী আসক্তিহীন

১.৩ 'বেলা হয়ে এল' উক্তিটি কার -
ক) নদেরচাঁদ খ) ছোটোমাসি গ) হরিদা ঘ) অপূর্ব

১.৪ 'রূপে অতি রম্ভা জিনি'- 'জিনি' শব্দের অর্থ কী -
ক) দেবী খ) অবগত হওয়া গ) স্বর্গ ঘ) জয় করা

১.৫ 'অস্ত্রের বিরুদ্ধে' গান কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে -
ক) পাতার পোশাক খ) ভূতুম ভগবান গ) পাগলি তোমার সঙ্গে ঘ) অগ্নিবীণা

১.৬ 'যথাবিধি লয়ে গঙ্গোদক' - 'গঙ্গোদক' বলতে কী বোঝানো হয়েছে -
ক) গঙ্গা জল খ) গঙ্গা মাটি গ) গঙ্গা মাতা ঘ) গঙ্গা আরতি

১.৭ 'অনেক দিন ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন মাত্র একজন' - উনি কে ?
ক) শৈলজানন্দ মুখোপাধ্যায় খ) সত্যজিৎ রায় গ) অন্নদাশংকর রায় ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

১.৮ মাতৃভাষার পদ্ধতি আয়ত্ত করতে হয় -
ক) ভালোবাসার সঙ্গে খ) নিষ্ঠার সঙ্গে গ) পবিত্রতার সঙ্গে ঘ) প্রীতির সঙ্গে

১.৯ 'শেক্সপীয়ার, দান্তে, মিল্টন, কালিদাস, ভারবি, কাশীরাম দাস, কৃত্তিবাস থেকে রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র সব অমর রচনা লিখে গেছেন।' - কোন্ নামটি বেমানান -
ক) দান্তে খ) ভারবি গ) কৃত্তিবাস ঘ) শরৎচন্দ্র

১.১০ তির্যক বিভক্তি হল - ক) ইল খ) শূন্য গ) তে ঘ) গুলি

১.১১ যার সাথে তুলনা করা হয় তাকে বলে - ক) উপমেয় খ) উপমান গ) সাধারণ ধর্ম ঘ) তুলনাবাচক শব্দ

১.১২ বাক্যের প্রধান শর্ত ক'টি - ক) তিনটি খ) চারটি গ) দুটি ঘ) একটি

১.১৩ কর্মবাচ্যের কর্তাকে বলে - ক) অনুক্ত কর্তা খ) উক্ত কর্তা গ) নিরপেক্ষ কর্তা ঘ) প্রযোজক কর্তা

১.১৪ নিত্য সমাসের উদাহরণ হল - ক) নীলকণ্ঠ খ) মতান্তর গ) জনশূন্য ঘ) শশব্যস্ত

১.১৫ '<u>পুষ্পে পুষ্পে</u> ভরা শাখি' - রেখাঙ্কিত পদটি কোন্ কারক -
ক) করণ কারক খ) কর্ম কারক গ) অপাদান কারক ঘ) নিমিত্ত কারক

১.১৬ ক্রিয়া প্রাধান্য পায় কোন্ বাচ্যে - ক) কর্মকর্তৃবাচ্য খ) কর্তৃবাচ্য গ) কর্মবাচ্য ঘ) ভাববাচ্য

১.১৭ শর্তসাপেক্ষ বাক্য মাত্রই - ক) জটিল বাক্য খ) যৌগিক বাক্য গ) সরল বাক্য ঘ) প্রার্থনাসূচক বাক্য

**২। কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১৯ x ১ = ১৯**

**২.১. যে- কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও : ৪ x ১ = ৪**

২.১.১ 'নইলে আমি শান্তি পাব না ।'- বক্তা কেনো এরূপ উক্তি করেছেন ?

২.১.২ 'শুধু এইটা জানা ছিল না' - কার কী জানা ছিল না ?

২.১.৩ 'আশ্চর্য এই যে'- আশ্চর্যজনক ঘটনাটি কী ?

২.১.৪ 'নদেরচাঁদ সব বোঝে' - কী বোঝার কথা বলা হয়েছে ?

২.১.৫ 'উনি ঘোষণা করলেন'- উনি কী ঘোষণা করলেন ?

২.২ যে- কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও : ৪ x ১ = ৪

২.২.১ 'নাদিলা কর্বুর দল'- কর্বুর দলের নাদের কারণ কী ?

২.২.২ 'রক্তের একটা কালো দাগ' - এর আগের পঙ্‌ক্তিটি লেখো ।

২.২.৩ "বল্লুগানের ঝড়-তুফানে" - 'বল্লুগানের ঝড়-তুফানে' কী লক্ষ্য করা যায় ?

২.২.৪ 'সেখানে নিভৃত অবকাশে তুমি'- নিভৃত অবকাশে কী করার কথা বলা হয়েছে ?

২.২.৫ "আমাদের ইতিহাস নেই"- 'আমাদের ' বলতে কাদের কথা বোঝানো হয়েছে ?

২.৩ যে- কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও : ৩ x ১ = ৩

২.৩.১ 'সেই আমার কলম'- এখানে বক্তা কী জাতীয় কলমের কথা বলেছেন ?

২.৩.২ "তারা বিধান দিয়েছেন"- তারা কী বিধান দিয়েছেন ?

২.৩.৩ সাধারণের জন্য যে বৈজ্ঞানিক সন্দর্ভ লেখা হয় তা কেমন হওয়া উচিত ?

২.৩.৪ 'কে একজন চেঁচিয় উঠল'- চেঁচিয়ে কী বলেছিল ?

২.৪ যে- কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ১ = ৮

২.৪.১ বিভক্তি ও অনুসর্গের মধ্যে একটি পার্থক্য লেখো ।

২.৪.২ যোগ্যতা কাকে বলে ? উদাহরণ দাও ।

২.৪.৩ উপপদ তৎপুরুষ সমাস কাকে বলে ? উদাহরন দাও ।

২.৪.৪ সমধাতুজ কর্ম কাকে বলে ? উদাহরণ দাও ।

২.৪.৫ বীপ্সাত্মক করণের একটি উদাহরন দাও ।

২.৪.৬ 'আয়কর' - ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ।

২.৪.৭ বিভক্তি প্রধান কারকগুলির নাম লেখো ।

২.৪.৮ 'ধনের ধর্ম অসাম্য'- যৌগিক বাক্যে রূপান্তরিত করো ।

২.৪.৯ ক্রিয়া সর্বদাই সকর্মক হয় কোন্ বাচ্যে ?

২.৪.১০ সম্বোধন পদকে অকারক বলা হয় কেনো ?

৩। প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ৬০ শব্দের মধ্যে উত্তর দাও : [ ৩ + ৩ = ৬ ]

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৩ = ৩

৩.১.১ 'তার চেয়ে দুঃখের কিছু নেই , তার থেকে অপমানের'- কে , কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে এরূপ সিদ্ধান্তে পৌঁছেছিলেন ? ১ + ২ = ৩

৩.১.২ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে"- নদীর বিদ্রোহের কারনটি লেখো । ৩

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ x ৩ = ৩

৩.২.১ 'অনুমান করে নিজ চিতে' - কে, কী অনুমান করেন ? ১ + ২ = ৩

৩.২.২ 'তারা আর স্বপ্ন দেখতে পারল না'- 'তারা' বলতে কাদের কথা বোঝানো হয়েছে ? তারা আর স্বপ্ন দেখতে পারলো না কেনো ? ১ + ২ = ৩

৪। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : [ ৫ ]

৪.১ 'কেবল আশ্চর্য সেই রোগা মুখের অদ্ভুত দুটি চোখের দৃষ্টি'- কখন এই মন্তব্য করা হয়েছে ? চোখের দৃষ্টি আশ্চর্য মনে হবার কারণ কী ? ১ + ৪ = ৫

৪.২ 'হরিদার জীবনে সত্যি একটা নাটকীয় বৈচিত্র্য আছে ।'- 'নাটকীয় বৈচিত্র্য' বলতে কী বোঝানো হয়েছে ? হরিদার জীবনের নাটকীয় বৈচিত্রের পরিচয় দাও । ২ + ৩ = ৫

৫। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : [ ৫ ]

৫.১ 'প্রলয়োল্লাস' কবিতায় একদিকে ধ্বংস অন্যদিকে নূতন আশার আলো দেখিয়েছেন কবি, তা আলোচনা করো । ৫

৫.২ 'অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে' - এইটিই 'অস্ত্রের বিরুদ্ধে গান 'কবিতার মূল সুর - আলোচনা করো । ৫

৬। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : [ ৫ ]

৬.১ 'আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন'- শব্দের ত্রিবিধ কথাগুলি কী কী আলোচনা করো । ৫

৬.২ 'মুঘল দরবারে একদিন তাদের কত না খাতির কত না সম্মান'- 'তাদের' বলতে কাদের কথা বলা হয়েছে ? তাদের খাতির ও সম্মানের পরিচয় দাও । ১ + ৪ = ৫

৭। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : [ ৪ ]

৭.১ 'আজ বিচারের দিন নয় সৌহার্দ্য স্থাপনের দিন'-কে, কার প্রতি এই উক্তি করেছেন ? এরূপ উক্তির কারণ বিশ্লেষণ করো । ২ + ২ = ৪

৭.২ 'সিরাজদৌল্লা' নাট্যাংশ অবলম্বনে মীরজাফরের চরিত্রটি বিশ্লেষণ করো । ৪

৮। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : [ ২ x ৫ = ১০ ]

৮.১ 'চার বছরের মধ্যেই প্রজাপতি ডানা মেলে দিয়েছে'- প্রজাপতি কী ? কোন্ পরিস্থিতি কাটিয়ে উঠে কীভবে প্রজাপতি ডানা মেলতে সক্ষম হল ? ১ + ৪ = ৫

৮.২ 'এটা বুকের মধ্যে পুশে রাখুক'- কী পুষে রাখার কথা বলা হয়েছে ? পুষে রাখলে কী সুবিধা হবে বলে বক্তা মনে করেন ? ২ + ৩ = ৫

৮.৩ 'হঠাৎ তার চোখে ভেসে উঠল ৭০ সংখ্যাটা '- কোন্ ঘটনায় এমন হয়েছিল ? কোনির কাছে এই সংখ্যাটার তাৎপর্য কী ? ২ + ৩ = ৫

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : [ ৪ ]

Patriotism is love for one's country . It is a powerful sentiment and wholly unselfish and noble . A patriot can sacrifice even his own life for the good of his country . It is idealism that gives courage and strength .

১০। কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : [ ৫ ]

১০.১ 'এলাকার সরকারি হাসপাতালের অব্যবস্থা'- বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো ।

১০.২ 'বৈদ্যুতিন মাধ্যমে শিক্ষাদানের সুফল ও কুফল " বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো ।

১১। কমবেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বন করে রচনা লেখো : [ ১০ ]

১১.১ বিজ্ঞান সাধনায় বাঙালি ।

১১.২ যুদ্ধ নয় শান্তি চাই ।

১১.৩ প্রাত্যহিক জীবনে জল ।

১১.৪ তোমার প্রিয় সাহিত্যিক ।

---

# Ramakrishna Mission Vivekananda Vidyamandir, Malda

Test Examination – 2025

Class –X      Subject – Bengali

Time -3.15 hours                                                F.M. – 90

১) সঠিক উত্তরটি নির্বাচন কর:                                   ১×১৭=১৭

১.১ "তার চেয়ে.... কিছু নেই, তার থেকে অপমানের।"
ক) কষ্টকর   খ) কষ্টের   গ) দুঃখের   ঘ) অমর্যাদার

১.২ হরিদার ঘরের উনানের ওপর হাঁড়িতে-
ক) জল ফুটেছে   খ) চা ফুটেছে   গ) চাল ফুটেছে   ঘ) ডাল ফুটেছে।

১.৩" এদের বাড়ি দুটোও মুখোমুখি—" বাড়ি দুটি কোথায়?
ক) গলির মোড়ে   খ) রাস্তার মোড়ে   গ) মাঠের ধারে   ঘ) শহরের মাঝখানে

১.৪ 'অসুখী একজন' কবিতায় 'সেই মেয়েটি' র উল্লেখ কতবার আছে?
ক) একবার   খ) দুইবার   গ) তিনবার   ঘ) চারবার

১.৫ পিঙ্গল ত্রস্ত জটায় কি লুটায়?
ক) হাসি   খ) আনন্দ   গ) কাঁদন   ঘ) বেদন

১.৬ "কাঁপিবেন দেব" এখানে দেব বলতে কাকে বলা হয়েছে?
ক) মহাদেবকে   খ) বিষ্ণুকে   গ) ইন্দ্রকে   ঘ) অগ্নিকে

১.৭ আমাদের সরকার ক্রমে ক্রমে বেশি পরিভাষা চালাচ্ছেন-
ক) অফিসে   খ) আদালতে   গ) ব্যবসা-বাণিজ্যে   ঘ) রাজকার্যে

১.৮ "অথচ কত সামান্যই না রোজগার করছে এরা"  কাদের কথা বলা হয়েছে?
ক) কলমের ফেরিওয়ালা   খ) কলমের দোকানদার   গ) বই বিক্রেতা   ঘ) পুঁথি লেখক

১.৯ প্রাবন্ধিকের মতে কলম আজ কাদের কাছে অস্পৃশ্য?
ক) পকেটমার   খ) দোকানদার   গ) ছিঁচকে চোর   ঘ) কোনোটিই নয়

১.১০ 'পলান্ন' কোন সমাসের উদাহরণ?
ক) উপমান কর্মধারয়   খ) অব্যয়ীভাব সমাস   গ) উপমিত কর্মধারয়
ঘ) মধ্যপদলোপী কর্মধারয়

১.১১ "বয়স ত্রিশ বত্রিশের অধিক নয়, কিন্তু ভারী রোগা দেখাইল।" গঠনগত দিক থেকে বাক্যটি কোন শ্রেণির?   ক) সরল বাক্য   খ) জটিল বাক্য   গ) যৌগিক বাক্য
ঘ) মিশ্র বাক্য

১.১২" রামদাস আর প্রশ্ন করিল না।" -রামদাস যে কারকের দৃষ্টান্ত -
ক) সম্বন্ধ পদ   খ) করণ কারক   গ) নিমিত্তকারক   ঘ) কর্তৃকারক

১.১৩ নিচের কোনটি অনুসর্গের অপর নাম নয়?
ক) পরসর্গ   খ) কর্মপ্রবচনীয়   গ) আদ্যপ্রত্যয়   ঘ) খ 'ও' গ' দুটোই

১.১৪ "রাম ও শ্যাম খেলতে গেছে।"- গঠনগত দিক থেকে বাক্যটি হলো
ক) সরল বাক্য   খ) জটিল বাক্য   গ) যৌগিক বাক্য   ঘ) মিশ্র বাক্য

১.১৫ কর্মকর্তৃবাচ্যে কর্তা রূপী কর্ম-
ক) বস্তুবাচক পদ   খ) ব্যক্তিবাচক পদ   গ) ক্রিয়াপদ   ঘ) ভাববাচক পদ

১.১৬ 'সতেজ' শব্দটির সমাস হবে-
ক) তৎপুরুষ সমাস   খ) কর্মধারয় সমাস   গ) অব্যয়ীভাব সমাস   ঘ) বহুব্রীহি সমাস

১.১৭ বাচ্যের বিভিন্ন শ্রেণিবিভাগ অনুসারে কর্তৃবাচ্য হলো -
ক) এক প্রকার   খ) দুই প্রকার   গ) তিন প্রকার   ঘ) চার প্রকার

২. কমবেশি ২০টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:                  ১×১৯=১৯

২.১ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও-                              ১×৪=৪

২.১.১ বিয়ে হওয়ার পর তপনের ছোট মাসির কি পরিবর্তন হয়েছিল?

২.১.২" তার দুটি হাত ছটফট করতে শুরু করেছে।" কার হাত এবং কেন ছটফট করতে শুরু করেছিল?

২.১.৩" ক্ষণকাল মৌন থাকিয়া কহিলেন" কে কাকে বলেছিল?

২.১.৪" ছেলের দল আনন্দে চেঁচিয়ে উঠলো" ছেলের দলের আনন্দের কারণ কী?

২.১.৫ মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী?

২.২ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও-                              ১×৪=৪

২.২.১ "বর্ম খুলে দেখ আদুর গায়ে" এখানে বর্ম বলতে আসলে কবি কী বুঝিয়েছেন?

২.২.২" শনি সবে আজ্ঞা দিল" কর্তা কী আজ্ঞা দিয়েছিল?

২.২.৩ ভয়ংকর এর চামর কে দুলায়?

২.২.৪" এই কি সাজে আমারে?" কার কী সাজে না?

২.২.৫ 'আফ্রিকা' কবিতা অনুসারে সভ্য মানুষের দৃষ্টি কেমন ছিল?

২.৩ যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও-                              ১×৩=৩

২.৩.১ 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধে প্রাবন্ধিক বাহুল্য বোঝাতে কোন বাগধারার উদাহরণ দিয়েছেন?

২.৩.২ 'বাংলা ভাষায় বিজ্ঞান' প্রবন্ধ অনুসারে বিজ্ঞানের সাথে নতুন করে কী শিখতে হবে?

২.৩.৩ [illegible] কী?

২.৩.৪ রবীন্দ্রনাথের চিত্রশিল্পের সূচনা কিভাবে হয়?

২.৪ যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও-                              ১×৮=৮

২.৪.১ বিদায় এবে দেহ বিধুমুখী।'
বিধুমুখী শব্দের ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর

২.৪.২ আলংকারিক কর্তা বলতে কী বোঝো?

২.৪.৩ উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয় সমাসের মধ্যে দুটি মিল লেখো।

২.৪.৪ তপনেরই বা লেখক হতে বাধা কী? (নির্দেশক বাক্যে)

২.৪.৫ সম্বন্ধ পদকে অকারক কেন বলা হয়?

২.৪.৬ 'যুগান্তর' এর ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর।

২.৪.৭" বিপদে মোরে রক্ষা করো।"
'বিপদে' কোন কারক?

২.৪.৮ সম্প্রসারিত উদ্দেশ্য বা উদ্দেশ্য প্রসারক বলতে কী বোঝো?

২.৪.৯ তোরা সব জয়ধ্বনি কর। (ভাববাচ্যে)

২.৪.১০ আরই বেশি চাওয়া হয়। (কর্ডুরয়)

৩) প্রশ্ন নির্দেশনায় কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও:- ৩+৩=৬

৩.১ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ১×৩=৩

৩.১.১" আপনি কি ভগবানের চেয়েও বড়?"
ওর সম্পর্কে ও কেন একথা বলা হয়েছে? ১+২
৩.১.২ "অতএব যাওয়াই স্থির হইল।" কী কারণে কোথায় যাওয়া স্থির হয়েছিল? ২+১

৩.২ যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৩ × ১ =৩

৩.২.১" অতি মনোহর দেশ।" এই মনোহর দেশের সৌন্দর্যের পরিচয় দাও।
৩.২.২" বৃষ্টিতে ধুয়ে গেল আমার পায়ের দাগ।" বক্তা কে? তার একথা বলবার কারণ কী? ১+২

৪. কমবেশি ১৫০ টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫
৪.১ ট্র্যাজিক চরিত্র হিসাবে হরিদা চরিত্রটির সার্থকতা বিচার কর।
৪.২ "বোবার মত বসে থাকে।"কার, কেন এমন অবস্থা হয়েছিল? ১+৪

৫. কমবেশি ১৫০ টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫
৫.১ 'প্রলয়োল্লাস' কবিতা কবিতায় প্রলয় কিভাবে উল্লাসের কারণ হয়ে উঠেছে তা বর্ণনা কর।
৫.২ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার কর।

৬. কমবেশি ১৫০ টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫
৬.১ "বলতে গেলে ওই নিয়ে আমাদের প্রথম লেখালেখি।"-- লেখক এর প্রথম লেখালেখির আয়োজনের পরিচয় দাও।
৬.২" কিন্তু দরকার মতন বাংলা শব্দ পাওয়া না গেলেও বৈজ্ঞানিক রচনা চলতে পারে।" কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে? বাংলা শব্দ পাওয়া না গেলে কিভাবে বৈজ্ঞানিক রচনা চলবে তা আলোচনা কর।৩+২

৭. কমবেশি ১২৫টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৪
৭.১" কিন্তু রাজত্বের অযোগ্য তোমরা।" কাকেও কেন এ কথা বলা হয়েছে? ১+৩
৭.২ "ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ সঞ্চালনে ভূমিকম্প।" কে কার সম্পর্কে মন্তব্য করেছে? এমন মন্তব্যের কারণ কী? ১+৩

৮. কমবেশি ১৫০ টি শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও:- ৫×২ =১০
৮.১" তোর আসল নামটা জানে, আসল দরও জানে।" কোন প্রসঙ্গে এই উক্তি বক্তার এই উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২+৩=৫
৮.২" জোচ্চুরি করে আমাকে বসিয়ে রেখে এখন ঠেকায় পড়ে এসেছ আমার কাছে।"কোনির এই অভিমানের কারণ কী? এরপর কী ঘটেছিল? ২+৩
৮.৩ 'কোনি' উপন্যাস অবলম্বনে কোনিদের পারিবারিক জীবনের পরিচয় দাও।

৯. চলিত বাংলায় অনুবাদ করো:- ৪
Student are the back-bone of a nation .They are the future citizens of the country. so it is the duty of every student to work hard for his self- development as well as the progress of prosperity of his Nation .The first and foremost duty of a student is to build his own self ,to mould his character to cultivate good healthy habits and to develop his intellectual powers to the best of his ability.

১০. কমবেশি ১৫০ টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫
১০.১" জলাশয় বুজিয়ে বহুতল বানানোর চেষ্টা।"-এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।
১০.২ বর্তমান সময়কালে নবীনদের আচরণ সম্পর্কে দুই প্রবীণের কাল্পনিক সংলাপ রচনা কর।

১১. কমবেশি ৪০০ শব্দে যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর:- ১০
১১.১ বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ
১১.২ ছাত্রজীবনের নিয়মানুবর্তিতা
১১.৩ একটি নদীর আত্মকথা
১১.৪ পরিবেশ সুরক্ষায় ছাত্রছাত্রী

---**-----

# Ramharipur Ramakrishna Mission High School (H.S.)

Ramharipur, Bankura

**Test Examination – 2025**

**X - Bengali**

F.M. – 90 Time : 3 Hrs 15 min.

**১. সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ** ১৭× ১=১৭

১.১ 'ছদ্মবেশে সেদিন হরিদার রোজগার মন্দ হয়নি' - ছদ্মবেশটি ছিল - ক) পাগলের খ) বিরাগীর গ) পুলিশের ঘ) বাইজির

১.২ ভামো যাওয়ার জন্য অপূর্ব ট্রেনে চেপে বসল- ক) অপরাহ্নবেলায় খ) সকালবেলায় গ) দুপুরবেলায় ঘ) রাতে

১.৩ নীমগাছের নীচে গাঁয়ের ছেলেরা জড়ো হয়ে - ক) রঙ খেলছিল খ) ধুলো ছোড়াছুড়ি করছিল গ) বাজি ও বুড়ির বাড়ি পোড়াচ্ছিল ঘ) কুস্তি লড়ছিল

১.৪ 'উত্তরিলা বীরদর্পে অসুরারি - রিপু' - 'অসুরারি রিপু' বলা হয়েছে - ক) রাঘবকে খ) ইন্দ্রজিৎকে গ) বীরবাহুকে ঘ) রাবণকে

১.৫ আয় আরো বেঁধে বেঁধে থাকি - কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? ক)'নিহিত পাতাল ছায়া ' খ) 'পাঁজরে দাঁড়ের শব্দ' গ) 'দিনগুলি রাতগুলি' ঘ) 'জল ই পাষাণ হয়ে আছে'

১.৬ 'সিন্ধুতীরে রহিছে মাঞ্জস' - 'মাঞ্জস' শব্দটির অর্থ হল - ক) জাহাজ খ) ঢেউ গ) ভেলা ঘ) বজরা

১.৭ "সিজার যে কলমটি দিয়ে কাসকাকে আঘাত করেছিলেন" - তার পোশাকি নাম - ক) রিজার্ভার খ) স্টাইলাস গ) পার্কার ঘ) পাইলট

১.৮ চারখন্ড রামায়ণ কপি করে একজন লেখক অষ্টাদশ শতকে পেয়েছিলেন নগদ - ক) সাত টাকা খ) আট টাকা গ) ন-টাকা ঘ) দশ টাকা

১.৯ 'Sensitized Paper'-এর অনুবাদ কী লিখলে ঠিক হয় বলে প্রাবন্ধিক মনে করেছেন - ক) স্পর্শকাতর কাগজ খ) সুবেদী কাগজ গ) সুগ্রাহী কাগজ ঘ) ব্যথাপ্রবণ কাগজ

১.১০ বিভক্তি - ক) সর্বদা শব্দের পূর্বে বসে খ) সর্বদা শব্দের পরে যুক্ত হয় গ) শব্দের পরে আলাদাভাবে বসে ঘ) শব্দের পূর্বে আলাদাভাবে বসে

১.১১ সে সর্বদা লম্বা ঘুম ঘুমিয়েছে । রেখাঙ্কিত পদটি হল - ক) গৌণ কর্ম খ) মুখ্য কর্ম গ) সমধাতুজ কর্ম ঘ) সমধাতুজ কর্তা

১.১২ উপমেয় এবং উপমানের মধ্যে অভেদ কল্পনা করা হয় যে সমাসে সেটি হল - ক) উপমিত কর্মধারয় খ) উপমান কর্মধারয় গ) মধ্যপদলোপী কর্মধারয় ঘ) রূপক কর্মধারয়

১.১৩ 'বহুব্রীহি' সমাসের 'ব্রীহি' শব্দের অর্থ হল - ক) ধান খ) চাল গ) গোরু ঘ) বৃক্ষ

**৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ (৪ )**

৭.১ ''কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা'' - কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে ? একথা বলার কারণ কী ? ১ + ৩

৭.২ 'সিরাজদ্দৌলা' নাট্যাংশ অবলম্বনে সিরাজদ্দৌলার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো । ৪

**৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ (২×৫=১০)**

৮.১ ''অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল ।'' - কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল তা সংক্ষেপে লেখো । ৫

৮.২ ''ওইটেই তো আমি রে, যন্ত্রনাটাই তো আমি'' - বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো । ১ + ৪

৮.৩ ''জোচ্চুরি করে আমাকে বসিয়ে রেখে এখন ঠেকায় পড়ে এসেছ আমার কাছে'' - কোনির এই অভিমানের কারণ কী ? এর পরবর্তী ঘটনা সংক্ষেপে বর্ণনা করো । ২ +৩

**৯. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ ( ৪ )**

Once two women were quarrelling about the claim of a child, They went to judge for Justice. The judge called the executioner and ordered, "Cut the child two halves and give one half to each of the women.

**১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৫ = ৫)**

১০.১ জলাভূমি বুঝিয়ে বহুতল নির্মাণ - এ বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো ।

১০.২ দূষণের হাত থেকে পৃথিবীকে বাঁচাতে গেলে দরকার বনসৃজন, তা নিয়ে একটি প্রতিবেদন রচনা করো ।

**১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ (১০)**

১১.১ বাংলার ঋতুবৈচিত্র্য

১১.২ একটি গাছ একটি প্রাণ

১১.৩ তোমার প্রিয় সাহিত্যিক

১১.৪ বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ

১.১৪ 'গতকাল বিদ্যালয় ছুটি পড়বে' - এই বাক্যটিতে যা নেই তা হল - ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা গ) যোগ্যতা ঘ) কোনোটিই নয়

১.১৫ 'লেখার প্রকৃত মূল্য বুঝলে ছোটোমেয়েই বুঝবে' - বাক্যটি যে শ্রেণীর সেটি হল - ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য

১.১৬ বাক্যের প্রকাশভঙ্গি হল - ক) কারক খ) সমাস গ) নির্দেশক ঘ) বাচ্য

১.১৭ 'তাকে সকলে অপমান করেছে' > 'সকলের দ্বারা সে অপমানিত হয়েছে' - এখানে যে বাচ্যান্তর ঘটেছে তা হল - ক) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য > ভাববাচ্য গ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্য ঘ) ভাববাচ্য > কর্তৃবাচ্য

**২. কম-বেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১৯× ১=১৯**

২.১ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪× ১=৪

২.১.১ 'গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের, মাথার চুল খাড়া হয়ে উঠল' - কখন এমন হয়েছিল ?

২.১.২ 'এই ধরণের কাজ হরিদার জীবনের পছন্দই নয়' - কোন্ ধরণের কাজ হরিদার পছন্দ নয় ?

২.১.৩ 'আমারও অনুমান তাই' - কার কী অনুমান ?

২.১.৪ 'উনি ঘোষণা করলেন' - কে, কী ঘোষণা করলেন ?

২.১.৫ 'নদেরচাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল' - কে নদের চাঁদকে পিষে দিয়ে গেল ?

২.২ যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪× ১=৪

২.২.১ 'সেখানে ছড়িয়ে রইল' - কোথায় কী ছড়িয়ে রইল ?

২.২.২ 'ছড়ানো রয়েছে কাছে দূরে - কাছে দূরে কী ছড়ানো আছে ?

২.২.৩ 'সমুদ্রপারে সেই মুহূর্তেই ___ ' - সমুদ্রপারে সেই মুহূর্তে কী হচ্ছিল ?

২.২.৪ 'এ মায়া পিতঃ বুঝিতে না পারি' - এখানে কোন্ মায়ার কথা বলা হয়েছে ?

২.২.৫ 'তোরা সব জয়ধ্বনি কর' - কবি কাদের জয়ধ্বনি করতে বলেছেন ?

২.৩ যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩× ১=৩

২.৩.১ 'একজন বিদেশী সাংবাদিক লিখেছিলেন' - বিদেশী সাংবাদিক কী লিখেছিলেন ?

২.৩.২ 'সমানি সম শীর্ষানি ঘনানি বিরলানি চ' - কথাটির বাংলা অর্থ কী ?

২.৩.৩ বঙ্গীয় সাহিত্য পরিষদের উদ্যোগে কী ত্রুটি ছিল ?

২.৩.৪ 'আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ শক্তির কথা বলেছেন' - শব্দের ত্রিবিধ শক্তি কী কী ?

২.৪ যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ৮× ১=৮

২.৪.১ জন্মজন্মান্তরেও ভুলিব না - ভাববাচ্যে রূপান্তর করো ।

২.৪.২ 'চিকিৎসাশাস্ত্র' - ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো ।

২.৪.৩ বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো ।

২.৪.৪ নির্দেশক বাক্য কাকে বলে ?

২.৪.৫ বিপরীতার্থক শব্দযোগে দ্বন্দ্ব সমাসের একটি উদাহরণ দাও এবং তার ব্যাসবাক্য নির্ণয় করো ।

২.৪.৬ কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্যে পরিবর্তনের একটি নিয়ম লেখো ।

২.৪.৭ যদি প্রাণে বাঁচি, ফিরিয়া আসিয়া ভোগ করিব - সরলবাক্যে পরিবর্তন করো ।

২.৪.৮ একটি উদাহরণ দিয়ে মুখ্যকর্ম এবং গৌণকর্ম চিহ্নিত করো ।

২.৪.৯ ব্যাপ্তি সম্বন্ধ পদের একটি উদাহরণ দাও ।

২.৪.১০ সন্ধি ও সমাসের একটি পার্থক্য লেখো ।

**৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাও ঃ ৩ + ৩**

৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

৩.১.১ 'অমৃতের অত জোর দিয়ে বলার কারণ ছিল' - অমৃত জোর দিয়ে কোন্ কথা বলেছিল ? তার একথা বলার কারণ কী ছিল ? ১ + ২

৩.১.২ 'বড়ো ভয় করিতে লাগিল নদেরচাঁদের' - নদেরচাঁদ কে ? তার ভয় করতে লাগল কেন ? ১ + ২

৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ (১×৩=৩)

৩.২.১ 'দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে' - কাকে দাঁড়াতে বলা হয়েছে ? মানহারা মানবী বলার তাৎপর্য কী ? ১+২

৩.২.২ 'এবার মহানিশার শেষে / আসবে ঊষা অরুণ হেসে' - 'মহানিশা' বলতে কী বোঝানো হয়েছে ? মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো । ১+২

**৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ**

৪.১ 'শুধু এই দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন' - মুহূর্তটি কেন দুঃখের ? এই দুঃখের থেকে বক্তা কী সংকল্প গ্রহণ করেছিল ? ১+৩

৪.২ ''যাকে খুঁজছেন সে যে এ নয়, তার আমি জামিন হতে পারি ।'' - কে, কাকে একথা বলেছেন ? বক্তা এত জোর দিয়ে একথা বলতে পেরেছেন কেন ? ১+৪

**৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ (৫)**

৫.১ 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো । ৫

৫.২ ''বিদায় এবে দেহ বিধুমুখী ।'' - বিধুমুখী কাকে বলা হয়েছে ? তিনি বক্তাকে কী বলেছিলেন ? প্রত্যুত্তরে বক্তা কী বলেছিলেন ? ১+২+২

**৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ( ৫ )**

৬.১ ফাউন্টেন পেন বাংলায় কী নামে পরিচিত ? নামটি কার দেওয়া বলে উল্লেখ করা হয়েছে ? ফাউন্টেন পেনের জন্ম ইতিহাস লেখো । ১+১+৩

৬.২ 'এই কথাটি সকল লেখকেরই মনে রাখা উচিত' - কোন্ কথাটি মনে রাখা উচিত ? লেখকদের কোন্ কোন্ ত্রুটির কথা প্রাবন্ধিক তুলে ধরেছেন ? ১+৪

# Sargachi Ramakrishna Mission High School (H.S.)

Madhyamik Test Examination - 2025

Class -X • Sub.- Bengali • F.M - 90 • Time - 3-15 hrs.

১। ঠিক উত্তরটি নির্বাচন করো ঃ- ১×১৭= ১৭

১.১. 'অদল-বদল' গল্পটি মুল যে ভাষায় লেখা —

(ক) স্প্যানিশ (খ) মারাঠি (গ) ওড়িয়া (ঘ) গুজরাতি।

১.২. 'বরং একটু তারিফই করলেন' — হরিদার যে ছদ্মবেশের তারিফ করা হয়েছে —

(ক) পাগল (খ) বিরাগি (গ) পুলিশ (ঘ) কাপালিক।

১.৩. 'মিথ্যেবাদী কোথাকার' — কে কাকে মিথ্যেবাদী বলেছে —

(ক) নিমাইবাবু গিরীশ মহাপাত্রকে (খ) নিমাইবাবু অপূর্বকে

(গ) জগদীশবাবু গিরীশ মহাপাত্রকে (ঘ) জগদীশবাবু সব্যসাচী মল্লিককে।

১.৪. 'তারপর যুদ্ধ এল' — এই যুদ্ধকে কবি যার সঙ্গে তুলনা করেছেন —

(ক) রক্ত (খ) আগ্নেয়পাহাড় (গ) রক্তের মতো আগ্নেয়গিরি (ঘ) রক্তের মতো আগ্নেয় পাহাড়।

১.৫. 'আমাদের বাঁয়ে' — (ক) ধ্বস (খ) গিরিখাদ (গ) বোমারু (ঘ) হিমানীর বাঁধ।

১.৬. 'প্রলয়োল্লাস' কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত —

(ক) অগ্নিবীণা (খ) বিষের বাঁশি (গ) সাম্যবাদী (ঘ) সর্বহারা।

১.৭. 'বাংলা বানানে চালানো যেতে পারে' —

(ক) দেশীয় নাম (খ) সার্বজাতিক নাম (গ) আঞ্চলিক নাম (ঘ) যে কোনো সর্বনাম।

১.৮. অবিখ্যাত লেখকের বৈজ্ঞানিক রচনা প্রকাশের আগে অভিজ্ঞ লোককে দিয়ে যাচাই করে নেওয়া যার কাজ হওয়া উচিত —

(ক) সম্পাদক (খ) প্রকাশক (গ) লেখক (ঘ) লিপিকর।

১.৯. 'আমি গ্রামের ছেলে' — এখানে 'আমি' বলতে যাকে বোঝানো হয়েছে —

(ক) নন্দেরচাঁদ (খ) অপূর্ব (গ) রাজশেখর বসু (ঘ) নিখিল সরকার।

১.১০. <u>ফুটবল</u> খেলেই আজ সারাদিন কাটিয়ে দিলে। নিম্নরেখ পদটি কোন কারক সম্বন্ধে আছে — (ক) কর্তৃ (খ) কর্ম (গ) করণ (ঘ) নিমিত্ত।

১.১১. সম্বন্ধ পদে সাধারণত যে বিভক্তিগুলি ব্যবহৃত হয় —

(ক) 'র', 'য়' (খ) 'য়', 'এর' (গ) 'কে', 'তে' (ঘ) 'র', 'এর'।

১.১২. পূর্বপদের পরনিপাত যে সমাসে ঘটে থাকে — (ক) তৎপুরুষ ও কর্মধারয় (খ) কর্মধারয় ও দ্বিগু (গ) তৎপুরুষ ও বহুব্রীহি (ঘ) কর্মধারয় ও অব্যয়ীভাব।

১.১৩. 'প্রতিকণ' সমাসবদ্ধ পদটি যে অর্থে গড়ে উঠেছে —
(ক) সাদৃশ্য (খ) বীপ্সা (গ) নিকট (ঘ) সম্মুখ।

১.১৪. জটিল বাক্যে ব্যবহৃত হয় — (ক) সম্বন্ধী অব্যয় (খ) আলংকারিক অব্যয় (গ) নিরপেক্ষ অব্যয় (ঘ) সাপেক্ষ অব্যয়।

১.১৫. 'আজ বৃষ্টি হতে পারে'। — বাক্যটি —
(ক) নির্দেশক (খ) সংশয়সূচক (গ) আবেগসূচক (ঘ) প্রার্থনাসূচক।

১.১৬. 'এত গরমে আর পারা যায় না' — যে বাচ্যের উদাহরণ — (ক) সম্বন্ধ কর্তা ভাববাচ্য খ) গৌণ কর্তা ভাববাচ্য (গ) গৌণ কর্মকর্তা ভাববাচ্য (ঘ) লুপ্ত কর্তা ভাববাচ্য।

১.১৭. বাক্যে প্রাধান্য পায় — (ক) কর্তা (খ) কর্ম (গ) ক্রিয়া (ঘ) সবগুলি।

**২। কমবেশি ২০টি শব্দের নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ-** ১×১৯= ১৯

২.১. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×৪= ৪

২.১.১. 'অপূর্ব রাজি হইয়াছিল'। — কোন বিষয়ে অপূর্ব রাজি হয়েছিল?

২.১.২. 'ছোটোমাসি আহ্লাদনাদের প্রসন্নতা নিয়ে বসে বসে ডিম ভাজা আর চা খায়...' — ছোটোমাসির এমন প্রসন্নতার কারণ কী?

২.১.৩. 'ভয় করিতে লাগিল নদেরচাঁদের।' — কেন?

২.১.৪. 'উনি ঘোষণা করলেন' — কে, কী ঘোষণা করেছিলেন?

২.১.৫. 'হরির কাজ' - কাজটি কী?

**২.২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ১×৪= ৪

২.২.১ 'ওই আসে সুন্দর' — সুন্দর কেমন বেশে আসছে?

২.২.২. 'পৃথিবী হয়তো বেঁচে আছে' — এমন সন্দেহের কারণ কী?

২.২.৩. 'বিস্মিত হইল বালা' — কে, কী দেখে বিস্মিত হয়েছেন?

২.২.৪. 'এ মায়া পিতঃ, বুঝিতে না পারি' — এখানে কোন মায়ার কথা বলা হয়েছে?

২.২.৫. সভ্যতার শেষ পুণ্যবাণী কী?

**২.৩. যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** ১×৩= ৩

২.৩.১. 'না দেখলে বিশ্বাস করা শক্ত' — কোন বিষয়ে একথা বলা হয়েছে?

২.৩.২. 'কিন্তু সে সব ফাঁকি মাত্র।' — উদ্ভিদ বস্তুগুলিকে ফাঁকি বলা হয়েছে কেন?

২.৩.৩. বিজ্ঞান বিষয়ক রচনায় কোন কোন অলংকার ব্যবহার করা যেতে পারে?

২.৩.৪. 'একযোগে কাজ করেছিলেন।' — কারা?



২.৪. যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×৮= ৮

২.৪.১. অনুক্ত কর্ম কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.২. সভাপতি প্রস্থান করলেন। — নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৩. অসমাপিকা ক্রিয়ারূপী অপাদান কারকের একটি উদাহরণ দাও (বাক্য সহযোগে)।

২.৪.৪. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো — বিশ্বময়।

২.৪.৫. উপমেয় ও উপমান কী তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২.৪.৬. উপমানাত্মক অব্যয়ীভাব সমাসের ব্যাসবাক্যসহ একটি উদাহরণ দাও।

২.৪.৭. উদাহরণসহ বাক্যের যোগ্যতাহীনতার পরিচয় দাও।

২.৪.৮. 'মা আমায় ডাকছে।' — বাক্যটিকে জটিল বাক্যে রূপান্তরিত করো।

২.৪.৯. কর্মকর্তৃ বাচ্য কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.১০. 'অতিথি পরে এলো।' — ভাববাচ্যে রূপান্তরিত করো।

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ শব্দে উত্তর দাও ঃ-** ৩+৩= ৬

**৩.১. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৩×১= ৩

৩.১.১. 'হরিদার একথার সঙ্গে তর্ক চলে না।' — কোন কথা? সে কথার সঙ্গে তর্ক চলে না কেন? ১+২

৩.১.২. '... নদীর সঙ্গে খেলা করিবার লোভটা সে সামলাইতে পারিল না' — কে, কীভাবে নদীর সঙ্গে খেলা করেছিল? ১+২

**৩.২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৩×১= ৩

৩.২.১. 'তোমায় নিয়ে বেড়াবে গান/নদীতে, দেশে গাঁয়ে' — এর মাধ্যমে কবি কী বোঝাতে চেয়েছেন?

৩.২.২. 'অনুমান করে নিন চিত্তে' — কে, কী অনুমান করেছিল? ১+২

**৪। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৫×১=৫

৪.১. 'তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।' — কোন দিনের কথা বলা হয়েছে? সেই দিনটি কীভাবে সবচেয়ে দুঃখের দিনে পরিণত হয়েছিল? ২+৩

৪.২. 'বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে।' — বাবুটি কে? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪

**৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** ৫×১=৫

৫.১. 'তোরা সব জয়ধ্বনি কর।' — কবি কাদের প্রতি কেন এই আহ্বান জানিয়েছেন? ১+৪

৫.২. 'শিশু আর বাড়িরা খুন হলো/সেই মেয়েটির মৃত্যু হল না।' — এই মেয়েটি কে? তার মৃত্যু না হওয়ার মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন? ২+৩

**৬। কমবেশি ১৫০টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×১=৫**

৬.১. আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন।' — ত্রিবিধ কথা কী? এগুলি সম্পর্কে সংক্ষেপে লেখো। ১+৪

৬.২. 'আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।' — কালি তৈরির পদ্ধতিটি সংক্ষেপে লেখো। ৫

**৭। কমবেশি ১২৫টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৪×১=৪**

৭.১. 'এইবার হয়তো শেষ যুদ্ধ।' — কোন যুদ্ধের কথা বলা হয়েছে? তাকে শেষ যুদ্ধ বলা হয়েছে কেন? ১+৩

৭.২. 'সিরাজদ্দৌল্লা নাট্যাংশে অবলম্বনে ঘষেটি বেগমের চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো।

**৮। কমবেশি ১৫০টি শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×২=১০**

৮.১. কোনি উপন্যাস অবলম্বনে প্রণবেন্দু বিশ্বাসের চরিত্র সম্পর্কে আলোচনা করো।

৮.২. 'এটা বুকের মধ্যে পুষে রাখুক।' — কী পুষে রাখার কথা বলা হয়েছে? এরকম বলার কারণ কী? ২+৩

৮.৩. 'কোনি তুমি আনস্পোর্টিং।' — বক্তা কে? উক্ত কথার পরবর্তী ঘটনাটি সংক্ষেপে লেখো। ১+৪

**৯। চলতি বাংলায় অনুবাদ করো ঃ- ৪**

Man is a social animal. He cannot live alone. No person can be happy without having sincere friends. But selfish persons fail to make real friendship. Because to get love, you must give love in return.

**১০। কমবেশি ১৫০টি শব্দে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- ৫×১=৫**

১০.১. 'মোবাইলের ব্যবহার পথ দুর্ঘটনার অন্যতম কারণ' - এ বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করো।

১০.২. ছাত্রসমাজের বর্তমান অবস্থা নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

**১১. কমবেশি ৪০০টি শব্দে যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ- ১০×১=১০**

১১.১. একটি নদীর আত্মকথা। ১১.২. বিজ্ঞান বনাম কুসংস্কার।

১১.৩. জাতীয় সংহতি। ১১.৪. একটি ভ্রমণের অভিজ্ঞতা।

# SARISHA R.K. MISSION SIKSHAMANDIR (H.S.)

Test Examination - 2025

Class - X

Time : 3 hr | Subject - Bengali | Full Marks : 90

১। সঠিক উত্তরটি নির্বাচন করো। ১x১৭=১৭

১.১ " 'না' করতে পারবে না।" — কে? —

(ক) সম্পাদক (খ) মেসোমশাই

(গ) তপন (ঘ) ছোটমাসি।

১.২ 'মেজাজ চড়ে গেল।' কার? —

(ক) অমৃতের (খ) ইসাবের

(গ) কালিয়ার (ঘ) অমৃতের মার।

১.৩ 'মনে হইল কী প্রয়োজন ছিল' — কীসের? —

(ক) নদীর (খ) স্রোতের

(গ) ব্রিজের (ঘ) বাঁধের।

১.৪ 'বৃষ্টিতে ধুয়ে দিল'। — কী? —

(ক) পায়ের দাগ (খ) পথের ধুলো

(গ) রক্তের চিহ্ন (ঘ) যুদ্ধের ক্ষত।

১.৫ 'অপরিচিত ছিল তোমার' — কী? —

(ক) মানবীরূপ (খ) মানবরূপ

(গ) দানবরূপ (ঘ) অমানুষতা।

১.৬ 'ভাঙ্গিল প্রবল বাও।' — কী? —

(ক) কূল (খ) বাঁধ

(গ) নাও (ঘ) পুরী।

১.৭ সরস্বতী পুজোর সময় দোয়াতে থাকত —

(ক) কালি (খ) জল

(গ) দুধ (ঘ) ত্রিফলার নির্যাস।

[T.O.]

১.৮ কায়স্থ চিনি —

(ক) গোঁফে (খ) কলমে

(গ) পোশাকে (ঘ) ভদ্রতায়।

১.৯ 'অভিধা' অর্থ প্রকাশ করে —

(ক) আভিধানিক (খ) ব্যবহারিক

(গ) উপমা (ঘ) ব্যঞ্জনা।

১.১০ 'সমধাতুজ কর্তা'র উদাহরণ হ'ল —

(ক) পড়ুয়া (খ) সুর্য

(গ) শিশুটি (ঘ) আকাশ।

১.১১ ট্রেনটি স্টেশন ছেড়ে গেল। এখানে 'স্টেশন' হ'ল —

(ক) অধিকরণ কারক (খ) কর্তৃকারক

(গ) কর্মকারক (ঘ) অপাদান কারক।

১.১২ অভেদ কল্পনা থাকে —

(ক) সাধারণ কর্মধারয় সমাসে (খ) উপমিত কর্মধারয় সমাসে

(গ) উপমান কর্মধারয় সমাসে (ঘ) রূপক কর্মধারয় সমাসে।

১.১৩ ব্যাপ্তি তৎপুরুষ কোন্‌টি ? —

(ক) জীবনানন্দ (খ) বিমাতা

(গ) অর্ধমৃত (ঘ) ভবঘুরে।

১.১৪ পূর্ণবাক্য নির্মানের শর্ত —

(ক) ২ টি (খ) ৩ টি

(গ) ১ টি (ঘ) ৪ টি।

১.১৫ একটি সরলবাক্যে বিধেয় থাকে —

(ক) ২ টি (খ) ৩ টি

(গ) ১ টি (ঘ) ৪ টি।

১.১৬ প্রথাগত বাংলা ব্যাকরণ অনুসারে বাচ্য —

(ক) ২ (খ) ৩

(গ) ৪ (ঘ) ৫ প্রকার।

১.১৭ 'শাঁখ বাজে'।-এটি —

(ক) কর্মবাচ্য (খ) কর্তৃবাচ্য

(গ) ভাববাচ্য (ঘ) কর্মকর্তৃবাচ্য।

**২। কমবেশি ২০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও। ১x১৯=১৯**

**২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৪=৪**

২.১.১ রত্নের মূল্য কার কাছে?

২.১.২ 'ওয়াচ করার দরকার নেই বড়বাবু।' বক্তা এ প্রসঙ্গে কোন্ বিশেষণ ব্যবহার করেছে?

২.১.৩ 'ও মরিয়া হয়ে বলল,'—কী বলল?

২.১.৪ 'আনন্দই উপভোগ করে।'—কীসে আনন্দ উপভোগ করে?

২.১.৫ 'সে প্রতিদিন নদীকে দেখে।'—কোথায় বসে দেখে নদীকে?

**২.২ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৪=৪**

২.২.১ 'ধরে গেল আগুন।'—কোথায়?

২.২.২ 'আমরা ফিরেছি।'—কোথায়?

২.২.৩ 'গর্বে যারা অন্ধ'—কীসের চেয়ে?

২.২.৪ 'হৈমবতীসুত যথা'—হৈমবতীসুত' - কে?

২.২.৫ 'রূপে অতি রম্ভা জিনি।'—'রম্ভা' - কে?

**২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১x৩=৩**

২.৩.১ 'বাংলায় একটা কথা চালু ছিল,'—কথাটি কী?

২.৩.২ 'একটা নল-খাগড়া ভেঙে নিয়ে আসতাম,'—কোথা থেকে?

২.৩.৩ যে লোক আজন্ম ইজার পরেছে তার কাছে একটু শক্ত কাজ কোন্‌টি?

২.৩.৪ 'এই উক্তি কাব্যেরই উপযুক্ত'। — কোন্ উক্তি ?

**২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **১x৮=৮**

২.৪.১ 'বুঁদির কেল্লা চিতোর হতে যোজন তিনেক দূর।' — রেখাঙ্কিত পদটি কোন্ কারক ?

২.৪.২ 'সম্বন্ধ পদ' — একটি বাক্যে উদাহরণ দাও।

২.৪.৩ 'আমরা' পদটি কোন্ দ্বন্দ্ব সমাস ?

২.৪.৪ ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করোঃ- তুষারধবল।

২.৪.৫ বাক্যের 'যোগ্যতা' কী তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২.৪.৬ বাক্যের দু'টি রূপ — কী কী ?

২.৪.৭ লেখাপড়া করো। — যৌগিক বাক্যে কী হবে ?

২.৪.৮ 'রাজার জয় হোক।' — কর্তৃবাচ্যে কী হবে ?

২.৪.৯ 'কখন এলে ?' — ভাববাচ্যে কী হবে ?

২.৪.১০ 'ফি-সন' — ব্যাসবাক্য ও সমাস কী ?

**৩। প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ৬০ টি শব্দে উত্তর দাও।** **৩+৩=৬**

**৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **১x৩=৩**

৩.১.১ 'সারা বাড়িতে শোরগোল পড়ে যায়।' — কেন ?

৩.১.২ 'একদিন চকের বাস স্ট্যান্ডের কাছে' — কী ঘটেছিল ?

**৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **১x৩=৩**

৩.২.১ 'যেখানে ছিল শহর।' — যেখানে শহর ছিল সেখানে এখন কী ছড়িয়ে আছে ?

৩.২.২ 'উদ্‌ভ্রান্ত সেই আদিম যুগে' — সেসময় স্রষ্টার অধৈর্যে ঘন ঘন মাথা নাড়ার দিনে কী ঘটেছিল ?

**৪। কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** **৫**

৪.১ 'খাঁটি মানুষ তো নয়', — হরিদা, খাঁটি মানুষ নয় বলতে কী বুঝিয়ে দিতে

চেয়েছেন ?

৪.২ 'সন্ধ্যা উত্তীর্ণ হইলে' — অপূর্ব কী কী কাজ করেছিল ? রাতে তার ঘুমের ব্যাঘাত কীভাবে ঘটিছিল ? ৩+২

**৫। কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫**

৫.১ 'দিগম্বরের জটায় হাসে শিশু-চাঁদের কর' — পাঠ্য কবিতার বিষয় অনুসরণে উদ্ধৃতাংশির অর্থ বুঝিয়ে দাও।

৫.২ 'অস্ত্র রাখো গানের দু'টি পায়ে... অস্থিরতার প্রেক্ষাপটে কবির এই সার্বিক আবেদনটি বুঝিয়ে দাও।

**৬। কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫**

৬.১ 'তখন মনে কষ্ট হয় বইকী !' — কালি ও কলম নিয়ে প্রাবন্ধিকের মনে কষ্টের কারণ নিজের ভাষায় লেখো।

৬.২ 'এই ধারণা পুরোপুরি ঠিক নয়।' — কোন্ ধারণার কথা বলা হয়েছে ? এ প্রসঙ্গে কোন্ কথা সকল লেখকেরই মনে রাখা উচিত বলে প্রাবন্ধিক মনে করেন ? ২+৩

**৭। কমবেশি ১২৫ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৪**

৭.১ 'এই মুহূর্তে তুমি আমার দরবার ত্যাগ করো।' — বক্তার এমন আদেশ দানের কারণ লেখো।

৭.২ 'তোমরা আমাকে ক্ষমা করো।' — কোন্ প্রসঙ্গে বক্তা এরূপ ক্ষমা প্রার্থনা করেছেন ?

**৮। কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ২x৫=১০**

৮.১ 'কোনি' — উপন্যাস অবলম্বনে কোনি চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৮.২ 'ওইটেই তো আমি রে, যন্ত্রনাটাই তো আমি।' — প্রসঙ্গ উল্লেখ ক'রে বক্তার বক্তব্যটি বুঝিয়ে দাও।

৮.৩ 'বাকিটুকু ভেঙে কোনির দিকে ছুঁড়ে দিল।' — এরপর হিয়ার সঙ্গে কোনির কথোপকথন কীরূপ ছিল ?

৯। চলতি বাংলায় অনুবাদ করো। ৪

Good book are store-house of knowledge and wisdom. Any one who has the key can enter these store houses and help himself. He who can read can store his mind with the great thoughts of great thinkers of the world. The man who never opens a book has an empty mind.

**১০। কমবেশি ১৫০ টি শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।** ৫

১০.১ 'অতি-বর্ষণের ফলে এলাকার মানুষের দুর্ভোগ' — বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'নিকাশি ব্যবস্থা পঙ্গু ক'রে বেআইনি নির্মাণ' — এই বিষয়ে সংবাদ পত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখো।

**১১। কমবেশি ৪০০ টি শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো।** ১০

১১.১ বিজ্ঞানের ভালো ও মন্দে মানুষের ভবিষ্যৎ।

১১.২ পরিবেশ দূষণ ও আমাদের ভবিষ্যৎ।

১১.৩ শিক্ষাবিস্তারে মুঠোফোনের ভূমিকা।

১১.৪ সমুদ্রসৈকতে ভ্রমণের অভিজ্ঞতা।

# TAKI RAMAKRISHNA MISSION HIGH SCHOOL (H.S.)

## 1ST TEST EXAMINATION 2025

CLASS - X

Subject - BENGALI

Time - 3 Hours | Full Marks - 90

---

☐ কেবল নীল ও কালো ছাড়া অন্য কালি ব্যবহার করবে না।

☐ অপরিষ্কার হস্তাক্ষর ও বানান ভুলের জন্য নম্বর কাটা হবে।

১. **সঠিক উত্তরটি নির্বাচন করো:-** ১৭x১=১৭

১.১ পত্রিকার প্রকাশ পাওয়া তপনের গল্পটির নাম – (ক) ইস্কুলের গল্প (খ) একদিন (গ) প্রথম দিন (ঘ) রাজার কথা।

১.২ গিরীশ মহাপাত্রের বয়স – (ক) চল্লিশ-বিয়াল্লিশ (খ) ত্রিশ-বত্রিশের অধিক নয় (গ) পঞ্চাশ-পঞ্চান্ন (ঘ) পঞ্চাশের কাছাকাছি।

১.৩ জগদীশবাবু বিরাগীকে প্রণামী দিতে চেয়েছিলেন – (ক) এক হাজার টাকা (খ) পাঁচশো টাকা (গ) একশো এক টাকা (ঘ) একশো টাকা।

১.৪ "কালো ঘোমটার নীচে / অপরিচিত ছিল" – কী অপরিবর্তিত ছিল? – (ক) তোমার চেতনাতীত রূপ (খ) তোমার রহস্যময় রূপ (গ) তোমার আরণ্যক রূপ (ঘ) তোমার মানব রূপ।

১.৫ "আমাদের ডান পাশে" – (ক) টাকা (খ) বাঁধ (গ) ধ্বস (ঘ) পথ।

১.৬ "অট্টরোলের হট্টগোলে স্তব্ধ" – (ক) চরাচর (খ) মহাকাশ (গ) গগনতল (ঘ) গিরিশিখর।

১.৭ লেখক শ্রীপান্থের ছেলেবেলায় দেখা দারোগাবাবুর কলম থাকতো – (ক) কলারের ভাঁজে আঁটা (খ) কোমরের বেল্টে আটকানো (গ) কাঁধের ছোট্ট পকেটে সাজানো (ঘ) পায়ের মোজায় গোঁজা।

১.৮ উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লেখানো যেত – (ক) পনেরো আনায় (খ) বারো আনায় (গ) ষোলো আনায় (ঘ) দশ আনায়।

পরের পৃষ্ঠায় দেখ...

১.৯ 'কঙ্কাবতী' ও 'ডমরুধর' এর স্বনামধন্য লেখকের নাম – (ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (গ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় (ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

১.১০ বিভক্তি শব্দের অর্থ কী? – (ক) বিভাজন (খ) সংকোচন (গ) প্রসারণ (ঘ) সংযোজন।

১.১১ 'কলমে কায়স্থ চিনি' – নিম্নরেখ পদটি – (ক) অপাদান কারক (খ) কর্তৃকারক (গ) করণ কারক (ঘ) কর্মকারক।

১.১২ মেসি কী খেলাই খেলল – 'খেলাই' কী জাতীয় কর্ম? – (ক) উহ্য কর্ম (খ) সমধাতুজ কর্ম (গ) কমর বীপ্সা (ঘ) উপবাক্যীয় কর্ম।

১.১৩ 'আর কাউকে পায়ের ধুলো নিতে দেননি সন্ন্যাসী' – নিম্নরেখ পদটি – (ক) ক্রিয়াবাচক পদ (খ) সম্বোধন পদ (গ) কর্মকারক (ঘ) সম্বন্ধ পদ।

১.১৪ সমাসের মূল অর্থ – (ক) বর্ণের সাথে বর্ণের মিলন (খ) নাম পদের সাথে ক্রিয়াপদের মিলন (গ) একাধিক পদের একটি পদে পরিণতি লাভ (ঘ) ক্রিয়াপদের সাথে ক্রিয়াপদের মিলন।

১.১৫ 'বুড়োমানুষের কথাটা শুনো' – নিম্নরেখ পদটি যে সমাস তা হল – (ক) বহুব্রীহি সমাস (খ) কর্মধারয় সমাস (গ) তৎপুরুষ সমাস (ঘ) অব্যয়ীভাব সমাস।

১.১৬ 'দশানন' – পদটি যে সমাস তা হল – (ক) দ্বিগু (খ) বহুব্রীহি (গ) অব্যয়ীভাব (ঘ) কর্মধারয়।

১.১৭ পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়ে পরপদের অর্থ প্রাধান্য পায় যে সমাসে, সেটি হল – (ক) বহুব্রীহি সমাস (খ) অব্যয়ীভাব সমাস (গ) তৎপুরুষ সমাস (ঘ) নিত্য সমাস।

২. কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও:- ১৯x১=১৯

২.১ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও:- ৪x১=৪

২.১.১ তপন মামার বাড়িতে কেন এসেছিল?

২.১.২ "শুধু এই দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন" – সংকল্পটি কী?

২.১.৩ "আর যাই হোক, যাকে খুঁজছেন তাঁর কালচারের কথাটা একবার ভেবে দেখুন।" – কার খোঁজ করা হচ্ছিল?

২.১.৪ "মাস্টারমশাই একটু রাগ করেননি। বরং একটু তারিফই করলে..." – তারিফ করার কারণ কী?

২.১.৫ "কিন্তু এই ধরণের কাজ হরিদার জীবনের পছন্দই নয়।" – কী ধরনের কাজ হরিদার অপছন্দ?

২.২ যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও:- ৪x১=৪

২.২.১ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।" – 'সভ্যতার শেষ পুণ্যবাণী'টি কী?

২.২.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি" – কবিতাটির রচয়িতা কে?

২.২.৩ "তারপর যুদ্ধ এল" – যুদ্ধ কেমনভাবে এল?

২.২.৪ "এবার মহানিশার শেষে" – কে আসবে?

২.২.৫ "এ কলঙ্ক, পিতঃ ঘুষিবে জগতে।" – বক্তা কোন কলঙ্কের কথা বলেছেন?

২.৩ যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও:- ৩x১=৩

২.৩.১ "এই নেশা পেয়েছি আমি শরৎদার কাছ থেকে।" – কোন্ নেশার কথা বলা হয়েছে?

২.৩.২ "অনেক ধরে ধরে টাইপ-রাইটারে লিখে গেছেন মাত্র একজন।" – কার কথা বলা হয়েছে?

২.৩.৩ 'এতে রচনা উৎকট হয়।' – রচনা উৎকট হয় কীসে?

২.৩.৪ প্রয়োজন মত বাংলা শব্দ পাওয়া না গেলে কী করা উচিৎ বলে লেখক রাজশেখর বসু মনে করেছেন?

২.৪ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৮x১=৮

২.৪.১ সমাস কাকে বলে?

২.৪.২ 'রত্নাকর' শব্দটির ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখ।

২.৪.৩ ক্ষুদ্র গ্রহ ব্যাস বাক্যটিকে সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

২.৪.৪ একটি নিত্য সমাসের উদাহরণ দাও।

২.৪.৫ উপপদ তৎপুরুষ সমাস কাকে বলে?

২.৪.৬ প্রযোজ্য কর্তার একটি উদাহরণ দাও।

২.৪.৭ শূন্য বিভক্তি কাকে বলে?

২.৪.৮ সম্বন্ধপদের বিভক্তি কী কী?

২.৪.৯ একটি গৌনকর্মের উদাহরণ দাও।

২.৪.১০ চিঠি পকেটে ছিল। নিম্নরেখ পদটির কারক বিভক্তি নির্ণয় কর।

৩. প্রসঙ্গনির্দেশ সহ কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও:- ৩+৩=৬

৩.১ যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:-

৩.১.১ "পত্রিকাটি সকলের হাতে হারে ঘোরে," — কোন পত্রিকা, কেন সকলের হাতে হাতে ঘুরছিল? ৩

৩.১.২ তার লাঞ্ছনা এই কালো চামড়ার নীচে কম জ্বলে না" — বক্তা কে? তার কোন্ লাঞ্ছনার কথা বলা হয়েছে? ১+২=৩

৩.২ যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ৩x১=৩

৩.২.১ "তারা আর স্বপ্ন দেখতে পারল না।" — তারা কারা? তারা কেন স্বপ্ন দেখতে পারলো না? ১+২=৩

৩.২.২ "কে, কবে শুনেছে, পুত্র ভাসে শিলা জলে," — বক্তা কে? তাঁর একথা বলার কারণ কী? ১+২=৩

৪. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫

৪.১ বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলো আনাই বজায় আছে" — বাবুটি কে? তার স্বাস্থ্য ও শখের পরিচয় দাও। ১+৪=৫

৪.২ "অথচ আপনি একেবারে খাঁটি সন্ন্যাসীর মতো সব তুচ্ছ করে সরে পড়লেন?" — কার কথা বলা হয়েছে? তিনি কীভাবে 'খাঁটি সন্ন্যাসীর মতো' ব্যবহার করেছিলেন তা সংক্ষেপে আলোচনা কর। ১+৪=৫

৫. কমবেশি ১৫০ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ৫

৫.১ "এল মানুষ ধরার দল" — কোথায় এল? 'মানুষ ধরার দল' এসে কী করেছিল? ১+৪=৫

৫.২ "তোরা সব জয়ধ্বনি কর।" — কবির এই কথা বলার কারণ সংক্ষেপে লেখো। ৫

৬. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- ৫

৬.১ "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।" – 'সবই' এর পরিচয় দাও। উল্লিখিত বিষয়টি কীভাবে আজ 'অবলুপ্তির পথে' তা আলোচনা কর। ১+৪=৫

৬.২ 'বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এখনো নানারকম বাধা আছে।" – লেখক কোন ধরণের বাধার কথা বলেছেন? ৫

৭. কম-বেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর লেখো:- ৪

৭.১ 'বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা, তার শ্যামল প্রান্তরে আজ রক্তের আলপনা" – বক্তা কে? কোন দুর্যোগের কথা বলা হয়েছে? ১+৩=৪

৭.২ "ওকে ওর প্রাসাদে পাঠিয়ে দিন জাঁহাপনা। ওর সঙ্গে থাকতে আমার ভয় হয়।' – বক্তা কে? তার এরকম ভয় হওয়ার কারণ কী? ১+৩=৪

৮. কমবেশি ১৫০ শব্দে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও:- ৫x২=১০

৮.১ "ইচ্ছে থাকলেও ওকে সাঁতার শেখাবার সামর্থ আমার নেই।" – কে বলেছিল? তার পরিচয় সংক্ষেপে উল্লেখ কর। ১+৪=৫

৮.২ 'ফাইট জানি, ফাইট' – সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরনের ফাইট করতে হয়েছিল, তা নিজের ভাষায় লেখো। ৫

৮.৩ "অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।" – কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল, তা লেখো। ৫

৯. চলতি বাংলায় অনুবাদ করো:- ৪

There was a shepherd boy. Everyday he would go up the hill to graze the sheep herd. One day, just to have fun he shouted, "Wolf ! Help ! Wolf ! Help !" Down the hill, the farmers were working in there field. They heard his cry to help and at once rushed to the boy.

১০. 'টাকী রামকৃষ্ণ মিশনের উদ্যোগে রক্তদান শিবির' এই বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর। ৫

১১. কম-বেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো:- ১০

১১.১ আমাদের পরিবেশ; সমস্যা ও প্রতিকার।

১১.২ বাংলার উৎসব।

১১.৩ একটি ভাঙাবাড়ির আত্মকথা।

১১.৪ ছাত্র সমাজের দায়িত্ব ও কর্তব্য।

---